Ⓓ Explanation Option Ⓐ তে- hundred শব্দটি adjective হিসে... হয়েছে বিধায় এর সাথে s যোগ করা যাবে না। Ⓑ তে- Headmaster... Secretary একই ব্যক্তি তাই verb was হবে। Ⓒ তে- 'as though' এ... পূর্বে present indefinite tense (look) রয়েছে বিধায় পরবর্তীতে Pa... indefinite tense (were) বসাতে হবে। Ⓓ তে- কোনো ভুল নেই। আম... রূপ, would rather এর negative form হলো would rather not.

**28. Two-thirds of the people —— present in the congregation.**
Ⓐ is Ⓑ was Ⓒ were Ⓓ being
Ⓒ Explanation Subject যেহেতু plural, verb ও সেহেতু plural (were) হবে।

**29. Choose the incorrect sentence.**
Ⓐ Neither you nor he is in a crisis.
Ⓑ He refrained himself from taking any medicine.
Ⓒ He resembles to his father in appearance.
Ⓓ He was hanged for murder.
Ⓒ Explanation resembles এর সাথে সাধারণত কোনো preposition বসে না। সুতরাং, option Ⓒ তে- ভুল রয়েছে।

**30. Yet, ensuring drinking water, cleanliness and hygiene was a big challenge. Here, 'Yet' is a/an ——.**
Ⓐ adverb Ⓑ conjunction Ⓒ adjective Ⓓ preposition
Ⓐ Explanation বাক্যের শুরুতে ব্যবহৃত Always, Never, Please, Kindly, Yet প্রভৃতি শব্দ সর্বদা adverb এর কাজ করে।

RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATIONS • RIVERLY PUBLICATION

CamScanner

Choose the correct words to complete the sentences (questions 31-35).

31. If Kalpana Chawla had not —— ardent desire, she would not have become and astronaut.
Ⓐ had Ⓑ have Ⓒ has Ⓓ to have

Solve: Past perfect tense এর গঠন অনুযায়ী auxiliary had (not) এর পর verb এর past participle ব্যবহৃত হয়। option গুলোর মধ্যে একমাত্র past participle হলো had। সুতরাং, সঠিক উত্তর option Ⓐ had.

32. It was ten to twelve. Most of the shops —— just closed.
Ⓐ are Ⓑ have Ⓒ were Ⓓ had

Solve: [illegible] have [illegible] just [illegible] had [illegible]।

33. She —— wash the plates in the kitchen leaving her study.
Ⓐ needn't not Ⓑ need not Ⓒ needs not to Ⓓ need not to

Solve: [illegible] need [illegible] modal auxiliary [illegible]। Modal [illegible] option Ⓐ ও Ⓒ [illegible]। modal [illegible] verb [illegible] base form (wash) [illegible] option Ⓑ [illegible]। option Ⓓ [illegible] modal [illegible] to wash [illegible] base form [illegible] infinitive.

34. Homer describes a race of men who —— from the gods.
Ⓐ spring Ⓑ sprang Ⓒ have sprung Ⓓ were sprung

Solve: [Spring – sprang – sprung] verb টির অর্থ [illegible]। [illegible] (Who sprang from gods.)

35. Sridhar suggested that his brother —— hard to get a good job.
Ⓐ work Ⓑ works Ⓒ to work Ⓓ worked

Solve: এখানে suggested that থাকায় এ subjunctive নির্দেশ [illegible]। subjunctive এর নিয়ম অনুযায়ী that এর পূর্বে যে tense ই থাকুক, that এর পরবর্তী অংশের verb টি সর্বদা base form (work) এ থাকে।

## সাধারণ জ্ঞান

01. পায়রা সমুদ্রবন্দর কবে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে?
Ⓐ [illegible] Ⓑ ১৯ নভেম্বর ২০১৩
Ⓒ ১৩ আগস্ট ২০১৬ Ⓓ [illegible]

Solve: পায়রা সমুদ্রবন্দর বাংলাদেশের তৃতীয় [illegible] সমুদ্রবন্দর। ১৯ নভেম্বর ২০১৩ সালে পায়রা বন্দর [illegible] ২০১৩-এর [illegible] পায়রা বন্দর প্রতিষ্ঠিত হয়। ১৩ আগস্ট ২০১৬ বন্দরটির [illegible] আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। [illegible] (কলাপাড়া, পটুয়াখালী)।

02. [illegible]
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve: [illegible] (Mawsynram) [illegible]।

03. [illegible]
Ⓐ লর্ড ক্যানিং Ⓑ [illegible] Ⓒ লর্ড ডালহৌসি Ⓓ লর্ড রিপন

Solve: [illegible]

| [illegible] | সংস্কার | সাল |
|---|---|---|
| লর্ড ক্যানিং | উপমহাদেশে পুলিশ ব্যবস্থা ও [illegible] | ১৮৬১ |
| [illegible] | [illegible] | [illegible] |
| লর্ড ডালহৌসি | [illegible] | ১৮৪৮ |
| | [illegible] | ১৮৫৩ |
| লর্ড রিপন | শিক্ষা সংস্কারের জন্য হান্টার কমিশন গঠন | ১৮৮২ |

04. [illegible]
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ সম্প্রদায়

Solve: [illegible]

05. কোনটি সহনশীল মুদ্রাস্ফীতি বলে পরিচিত?
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve: সহনশীল মুদ্রাস্ফীতি (Walk Inflation) [illegible]।

06. কে সর্বপ্রথম 'ব্লু ইকোনমি' এর ধারণা দেন?
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve: [illegible] ব্লু ইকোনমি [illegible] সমুদ্র অর্থনীতি'। [illegible] ব্লু ইকোনমি [illegible]।

07. [illegible] যৌক্তিক [illegible]
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve: [illegible]

08. ASCII কোডে [illegible] কয়টি কোড ব্যবহৃত হয়?
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve: ASCII-এর পূর্ণরূপ American Standard Code for Information on Interchange. [illegible] 7 বিটের কোড [illegible] $2^7$ বা 128টি [illegible]। [illegible]

09. কোনটি DBMS-এর উদাহরণ?
Ⓐ MS DOS Ⓑ MS EXCEL Ⓒ MS ACCESS Ⓓ C++

Solve: DBMS-এর পূর্ণরূপ Database Management System. DBMS হলো একটি সফটওয়্যার যা ব্যবহারকারীদের ডেটা সংরক্ষণ ও পুনরুদ্ধার করার জন্য উপযুক্ত [illegible] ব্যবস্থা [illegible]। MS Access, MYSQL, Oracle Database, SAP, IBM $Db_2$, Cloud DBMS ইত্যাদি DBMS এর উদাহরণ।

10. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কোন মন্ত্রণালয়ের অধীন?
Ⓐ তথ্য ও সম্প্রচার Ⓑ বিজ্ঞান ও প্রযুক্তি
Ⓒ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ Ⓓ প্রতিরক্ষা

Solve: রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র বিষয়ক তথ্য :
- প্রকল্পের নাম – রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প।
- একনেকে অনুমোদন লাভ – ৬ ডিসেম্বর ২০১৬।
- নির্মাণকাজ উদ্বোধন – ৩০ নভেম্বর ২০১৭।
- আয়তন – ১০৬২ একর।
- উৎপাদন ক্ষমতা – ২৪০০ মেগাওয়াট।
- বাস্তবায়নে – বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।
- মন্ত্রণালয় – বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**11. বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারি খাতে আর্থিক সহায়তা ও পরামর্শ দিয়ে থাকে?**

Ⓐ IFC Ⓑ IBRD Ⓒ MIGA Ⓓ ICSID

Ⓐ Solve বিশ্বব্যাংকের ৫টি অঙ্গসংস্থার মধ্যে IFC অন্যতম। International Finance Corporation প্রতিষ্ঠিত হয় ১৯৫৬ সালে। উদ্দেশ্য স্বল্প আয়ের উন্নয়নশীল দেশসমূহের বেসরকারি খাতকে আর্থিক সাহায্য ও পরামর্শ প্রদান করা। উল্লেখ্য, বিশ্বব্যাংক প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে এবং কার্যক্রম শুরু হয় ১৯৪৬ সালে।

**12. 'The Republic' গ্রন্থটির রচয়িতা কে?**

Ⓐ অ্যারিস্টটল Ⓑ প্লেটো Ⓒ রেনে দেকার্ত Ⓓ ভলতেয়ার

Ⓑ Solve প্লেটো বিশ্ববিখ্যাত প্রাচীন গ্রিক দার্শনিক ছিলেন। তিনি দর্শনের আদি জনক সক্রেটিসের যোগ্য শিষ্য। The Republic, The Laws, Apology, Crito, laches প্লেটো রচিত বিখ্যাত গ্রন্থ। তাঁর সমগ্র রাষ্ট্রচিন্তা ধ্যানধারণা, মতবাদ Dialectic method নামে পরিচিত। প্লেটো প্রতিষ্ঠিত শিক্ষাকেন্দ্রের নাম Academy.

**13. কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা প্রেরণের ক্ষেত্রে কোন পদ্ধতিতে ডেটা ট্রান্সমিশন হয়?**

Ⓐ Simplex Ⓑ Half-duplex Ⓒ Full-duplex Ⓓ Triplex

Ⓐ Solve সিমপ্লেক্স (Simplex) ডেটা ট্রান্সমিশন মোডে কেবল একদিকে ডেটা প্রেরণের ব্যবস্থা থাকে। সিমপ্লেক্স মোডে কেবল ক হতে খ এর দিকে ডেটা প্রেরণ করা যায়; কিন্তু খ এর দিক থেকে ক এর দিকে ডেটা প্রেরণ সম্ভব নয়। যেমন রেডিও, টিভি ব্রডকাস্ট, কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা প্রেরণ, কী-বোর্ড থেকে কম্পিউটারে ডেটা প্রেরণ করা যায়।

**14. চতুর্থ শিল্প বিপ্লবের বৈশিষ্ট্য কোনটি?**

Ⓐ বাষ্প শক্তির অন্তর্ভুক্তিকরণ Ⓑ কর্পোরেশনের মুনাফা সর্বাধিকরণ
Ⓒ ডিজিটাল প্রযুক্তির কেন্দ্রাভিমুখতা Ⓓ বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উন্নয়ন

Ⓒ Solve প্রযুক্তিনির্ভর ডিজিটাল বিপ্লবকেই বলা হয় চতুর্থ শিল্প বিপ্লব। চতুর্থ শিল্প বিপ্লবের বৈশিষ্ট্য :

- রোবোটিক্স ও কৃত্রিম বুদ্ধিমত্তা।
- ন্যানো টেকনোলজি ও বায়োটেকনোলজি।
- কোয়ান্টাম কম্পিউটিং।
- অটোমেটিক ট্রান্সপোর্টেশন।
- ক্লাউড কম্পিউটিং।
- থ্রিডি প্রিন্টিং।
- পঞ্চম প্রজন্মের ওয়্যারলেস প্রযুক্তি।

**15. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা সংবিধানের কোন তপশিলে সন্নিবেশিত?**

Ⓐ তৃতীয় Ⓑ পঞ্চম Ⓒ ষষ্ঠ Ⓓ সপ্তম

Ⓒ Solve ৬ষ্ঠ তপশিলের বিষয় বস্তু ছিল '২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতা ঘোষণা' ৬ষ্ঠ অনুচ্ছেদ ১৫০(২)।

**16. UNCTAD-এর কাজ কী?**

Ⓐ উন্নয়নশীল রাষ্ট্রের বাণিজ্যিক স্বার্থ রক্ষা করা
Ⓑ উন্নয়নশীল রাষ্ট্রের আর্থিক স্বার্থ রক্ষা করা
Ⓒ উন্নয়নশীল রাষ্ট্রের জনস্বার্থ স্বার্থ রক্ষা করা
Ⓓ উন্নয়নশীল রাষ্ট্রের স্বাস্থ্যগত স্বার্থ রক্ষা করা

Ⓐ Solve United Nations Conference on Trade and Development (UNCTAD) ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত। UNCTAD-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত এবং সদস্য সংখ্যা ১৯৫টি। উদ্দেশ্য : জাতিসংঘভুক্ত সকল উন্নয়নশীল রাষ্ট্রের বাণিজ্যিক স্বার্থ রক্ষা এবং বাণিজ্যের সম্প্রসারণ করা।

**17. "ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়"– গানটির রচয়িতা কে?**

Ⓐ মাহবুব-উল-আলম চৌধুরী Ⓑ আব্দুল গাফ্ফার চৌধুরী
Ⓒ আলাউদ্দীন আল আজাদ Ⓓ আব্দুল লতিফ

Ⓓ Solve ভাষা আন্দোলনভিত্তিক বিখ্যাত গান, গীতিকার ও সুরকার

| গান | গীতিকার | সুরকার |
|---|---|---|
| আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি | আবদুল গাফ্ফার চৌধুরী | আলতাফ মাহ |
| ও আমার এই বাংলা ভাষা | আব্দুল লতিফ | আব্দুল লতিফ |
| রক্তে আমার আবার প্রলয় দোলা | আবদুল গাফ্ফার চৌধুরী | আলতাফ মাহ |
| ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায় | আব্দুল লতিফ | আব্দুল লতিফ |

**18. কে প্রথম বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন?**

Ⓐ ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম Ⓑ অধ্যাপক এম ইউসুফ আলী
Ⓒ কর্নেল আব্দুর রব Ⓓ আব্দুল মান্নান

Ⓑ Solve ১৭ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্র করেন মেহেরপুর জেলার ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথ তলায় (বর্ত মুজিবনগর)। এই শপথ অনুষ্ঠান পরিচালনা করেন জনাব আব্দুল মান্ন বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী।

**19. মোহামেডান লিটারারি সোসাইটি কে গঠন করেন?**

Ⓐ নবাব আবদুল লতিফ Ⓑ সৈয়দ আহমদ খান
Ⓒ নবাব সলিমুল্লাহ Ⓓ স্যার সৈয়দ আহমদ খান

Ⓐ Solve নবাব আবদুল লতিফ ১৮৬৩ সালে মুসলিম সাহিত্য সম (মোহামেডান লিটারেরি সোসাইটি) প্রতিষ্ঠা করেন। তিনি মুসলমানদের ম আধুনিক শিক্ষার প্রচলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। নবাব আব্দুল লতিফ হি কলেজকে প্রেসিডেন্সি কলেজে রূপান্তর করেন। ১৮৮০ সালে তিনি বৃ সরকার কর্তৃক নবাব উপাধি লাভ করেন।

**20. কোনটি ছাড়া সামাজিক উন্নয়ন সম্ভব নয়?**

Ⓐ সাংস্কৃতিক উন্নয়ন Ⓑ অর্থনৈতিক উন্নয়ন Ⓒ সামাজিক সম্প্রীতি Ⓓ প্রযুক্তির বিক

Ⓑ Solve অর্থনৈতিক উন্নয়ন ছাড়া সামাজিক উন্নয়ন সম্ভব নয়। কা অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের মধ্যে যোগসূত্র হলো উভয়ই কল্যাণে দিকে কাজ করে। অর্থনৈতিক উন্নয়ন বলতে যেমন অর্থনৈতিক প্রবৃদ্ধি বোঝায় এবং সামাজিক উন্নয়ন বলতে শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে জনগণে সামগ্রিক মঙ্গলকে বোঝায়।

**21. 'রাফা' সীমান্ত কোন যুদ্ধের সঙ্গে সম্পর্কিত?**

Ⓐ রাশিয়া-ইউক্রেন Ⓑ চীন-তাইওয়ান Ⓒ ইসরায়েল-ফিলিস্তিন Ⓓ ইসরাইল-ইর

Ⓒ Solve সাম্প্রতিক সময়ের আলোচিত বিষয় ফিলিস্তিন ইসরায়েল যুদ্ধে বিষয়টি। ফিলিস্তিন ভৌগোলিকভাবে ২ ভাগে বিভক্ত একটি অংশের নাম গা এবং অন্য অংশের নাম পশ্চিম তীর। 'রাফা সীমান্ত (Raffah Crossing ইসরায়েল ও গাজার মধ্যে অবস্থিত একটি সীমান্তের নাম।

**22. কোনটি ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বের অনুমিত শর্ত?**

Ⓐ কৃষিক্ষেত্রে ক্রমহ্রাসমান উৎপাদন বিধি প্রযোজ্য
Ⓑ উৎপাদন প্রযুক্তি পরিবর্তনশীল
Ⓒ কৃষি ন্যূনতম উৎপাদন ব্যবস্থা
Ⓓ নরনারীর মধ্যে আকর্ষণ অনিয়ন্ত্রিত

Ⓐ Solve ব্রিটিশ অর্থনীতিবিদ থমাস রবার্ট ম্যালথাস বিখ্যাত গ্রন্থ A Essay on the Principles of Population। এই গ্রন্থে তিনি জনসংখ্য সম্বন্ধে যে তত্ত্বটি প্রচার করেন, এটি ম্যালথাসের 'জনসংখ্যা তত্ত্ব' না পরিচিত। ম্যালথাসের মতে জনসংখ্যা বৃদ্ধি পায় জ্যামিতিক হারে এবং খা উৎপাদন বৃদ্ধি গাণিতিক হারে। ম্যালথাসের তত্ত্বের অনুমিত শর্তগুলো নিম্নরূপ

১. জীবনধারণের উপকরণ তথা খাদ্যের যোগান সীমিত।
২. নর-নারীর মধ্যে আকর্ষণ প্রয়োজনীয় ও শাশ্বত
৩. কৃষিতে ক্রমহ্রাস উৎপাদন বিধি প্রযোজ্য
৪. উৎপাদনক্ষমতা ও কৃষি জমির অপরিবর্তিত
৫. উৎপাদন প্রযুক্তি অপরিবর্তিত।



CamScanner

23. 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতার রচয়িতা কে?

Ⓐ জর্জ হ্যারিসন Ⓑ পল ওয়ালেস Ⓒ বব ডিলান Ⓓ অ্যালেন গিন্সবার্গ

Ⓓ Solve অ্যালেন গিন্সবার্গ বিখ্যাত মার্কিন কবি, যিনি ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে সাহায্য করার উদ্দেশ্যে কবিতা পাঠের আয়োজন করেন। ভারতের শরণার্থী শিবির পরিদর্শন করে তাদের দুঃখ, দুর্দশার বর্ণনা দিয়ে রচনা করেন ১৫২ লাইনের বিখ্যাত কবিতা 'September on Jessore Road'। কবিতাটি বাংলায় অনুবাদ করেন খান মোহাম্মদ ফারাবী।

24. প্রথম স্বীকৃতিপ্রাপ্ত বাংলাদেশি জিআই পণ্য কোনটি?

Ⓐ জামদানি শাড়ি Ⓑ ইলিশ মাছ Ⓒ টাঙ্গাইল শাড়ি Ⓓ ঢাকাই মসলিন

Ⓐ Solve জিআই পণ্য বা Geographical Indication হলো একটি দেশের ভৌগোলিক নির্দেশক পণ্য। বর্তমানে জিআই পণ্য ৩২টি (পরিবর্তনশীল তথ্য)। প্রথম জিআই পণ্য জামদানি এবং সর্বশেষ নরসিংদীর লটকন (২০২৪) জিআই পণ্যের স্বীকৃতি প্রদান করে World Intellectual Property (WIPO).

25. ট্যাবু শব্দের অর্থ কী?

Ⓐ লোকরীতি Ⓑ সুভাষণ Ⓒ নিষেধাজ্ঞা Ⓓ প্রথা

Ⓒ Solve ট্যাবু (Taboo) শব্দের অর্থ নিষেধাজ্ঞা। কাস্টম (Custom) শব্দের অর্থ প্রথা।

26. 'বই' কোন ধরনের সংস্কৃতি?

Ⓐ লোকজ Ⓑ অবস্তুগত Ⓒ নাগরিক Ⓓ বস্তুগত

Ⓓ Solve সংস্কৃতি হচ্ছে সমাজে বসবাসকারী মানুষের সম্পূর্ণ জীবন প্রণালির পরিপূর্ণ চিত্র এবং সামাজিকতার ফল। সংস্কৃতি দুই ধরনের : বস্তুগত ও অবস্তুগত।

বস্তুগত সংস্কৃতি – বস্তুগত সংস্কৃতি বলতে মানুষের অর্জিত কিংবা মানব সৃষ্ট অধিকার কিংবা উপাদানকে বোঝায় যা তাদের নিজের প্রয়োজনে সৃষ্টি করে। যেমন – কলকারখানা, বই, যন্ত্রপাতি, পোশাক- পরিচ্ছেদ, আসবাবপত্র ইত্যাদি

অবস্তুগত – অবস্তুগত সংস্কৃতি বলতে বোঝায় মানব সৃষ্ট অবস্তুগত উপাদানকে। যেমন চিন্তাধারা, আচার, ব্যবহার, বিশ্বাস, ধ্যান-ধারণা, সংগীত, শিল্প, সাহিত্য, শিল্পকলা ইত্যাদি।

27. বাংলাদেশি জাহাজ 'এমভি আব্দুল্লাহ' কত তারিখে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ে?

Ⓐ ১২ মার্চ ২০২৪ Ⓑ ১৩ মার্চ ২০২৪ Ⓒ ১৪ মার্চ ২০২৪ Ⓓ ১৫ মার্চ ২০২৪

Ⓐ Solve ১২ মার্চ ২০২৪ ভারত মহাসাগরে জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। জলদস্যুরা এমভি আবদুল্লাহতে ২৩ নাবিক জিম্মি করে সোমালিয়া উপকূলে নিয়ে যাওয়া হয়। ১৩ এপ্রিল ২০২৪ সালে জাহাজ এমভি আবদুল্লাহ মুক্তি পায়।

28. ক্ষুদ্র নৃগোষ্ঠী 'কুকি' কোন অঞ্চলে বসবাস করে?

Ⓐ মৌলভীবাজার Ⓑ সিলেট Ⓒ কক্সবাজার Ⓓ পঞ্চগড়

Ⓒ Solve কুকি নৃগোষ্ঠী বান্দরবান ও কক্সবাজার জেলায় বাস করে। মণিপুরী উপজাতি সিলেট, মৌলভীবাজার এবং চাকমা নৃগোষ্ঠী বান্দরবান, কক্সবাজার জেলায় বাস করে।

29. ফিশারীয় সমীকরণ কীসের সাথে সম্পর্কিত?

Ⓐ মুদ্রার পরিমাণ Ⓑ আমদানি Ⓒ ঋণ Ⓓ মুদ্রা শিল্প

Ⓐ Solve অধ্যাপক আর্ভিং ফিশার অর্থের পরিমাণ ও অর্থের মূল্যের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করতে গিয়ে যে বক্তব্য উপস্থাপন করেন, তাই ফিশারের অর্থের পরিমাণ তত্ত্ব নামে পরিচিত। ব্যাংকিং তত্ত্বের প্রবক্তা ক্রেডিট ক্রিয়েশন।

30. বাংলাদেশ কত সালে WHO-এর সভাপতির পদ লাভ করে?

Ⓐ ২০০৩ Ⓑ ২০০৫

Ⓒ ২০০৭ Ⓓ ২০০৯ ans Ⓓ

# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা: ২০২২-২৩; ইউনিট-B; সেট-৪

## বাংলা

01. বিষয়গত দিক থেকে 'সিরাজউদ্দৌলা' কোন ধরনের নাটক?

Ⓐ সামাজিক Ⓑ পৌরাণিক Ⓒ ট্র্যাজেডি Ⓓ ঐতিহাসিক

Ⓒ Solve সিকান্দার আবু জাফরের 'সিরাজউদ্দৌলা' (১৯৬৫) নাটকটি চারটি অঙ্ক ও বারোটি দৃশ্যে বিন্যস্ত। এর মধ্যে আটটি দৃশ্যেই সিরাজ স্বয়ং উপস্থিত। নাটকটির কাহিনিসূত্র উন্মোচিত হয়েছে যুদ্ধ দিয়ে।

02. সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার 'কিশোরসভা' অংশের সম্পাদক ছিলেন?

Ⓐ দৈনিক স্বাধীনতা Ⓑ যুগান্তর Ⓒ ভারতী Ⓓ বঙ্গদর্শন

Ⓐ Solve সুকান্ত ভট্টাচার্য ১৫ আগস্ট ১৯২৬ খ্রিষ্টাব্দে (৩০ শ্রাবণ ১৩৩৩ বঙ্গাব্দ); মাতুলালয়, মহিম হালদার স্ট্রিট, কালীঘাট, কলকাতায় জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস : কোটালিপাড়া, গোপালগঞ্জ। তিনি সেকালের দৈনিক পত্রিকার 'স্বাধীনতা' কিশোরসভা অংশের প্রতিষ্ঠাতা এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত এর সম্পাদকের দায়িত্ব পালন করেছেন।

03. অলিনগরের সন্ধি কত সালে করা হয়?

Ⓐ ১৭৫৯ Ⓑ ১৭৫৭ Ⓒ ১৭৬০ Ⓓ ১৭৫৫

Ⓑ Solve ১৭৫৭ সালের ৯ই ফেব্রুয়ারি বাংলার নবাব সিরাজউদ্দৌলা এবং ভারতের ব্রিটিশ প্রতিনিধি রবার্ট ক্লাইভের সাথে চুক্তি সম্পাদিত হয়। এই চুক্তির শর্ত অনুযায়ী তখন কলকাতা নগরী ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে হস্তান্তর করা হয়। চুক্তি অনুযায়ী ইংরেজরা সেখানে দুর্গ স্থাপন এবং টাকশাল প্রতিষ্ঠার সুযোগ লাভ করে।

04. 'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো / ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।'- এখানে নক্ষত্রের সাথে বর্ণমালার তুলনা হলো-

Ⓐ শব্দালংকার Ⓑ অর্থালংকার Ⓒ ছন্দ Ⓓ অন্ত্যমিল

Ⓑ Solve অর্থের বৈচিত্র্য ও সৌন্দর্য-বিষয়ক অলংকারকে বলা হয় অর্থালংকার। অর্থাৎ যে অলংকার একান্তভাবে শব্দের অর্থের ওপর নির্ভর করে; অর্থ প্রকাশক শব্দ বা শব্দগুলিকে পরিবর্তিত করে সেখানে সমার্থক অন্যশব্দ বসিয়ে দিলেও যে অলংকার অক্ষুণ্ণ থাকে তাকে অর্থালংকার বলে। যেমন : পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন।

05. 'ইজারা' ইংরেজি কোন শব্দের বাংলা পরিভাষা?

Ⓐ lease Ⓑ agreement Ⓒ pact Ⓓ contract

Ⓐ Solve কতিপয় পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Deputation | প্রেষণ | Fiction | কথাসাহিত্য |
| Notification | প্রজ্ঞাপন | Sabotage | অন্তর্ঘাত |

06. ১৯৫৬ সালের নির্বাচনে শেখ মুজিবুর রহমান ফরিদপুরে কোন দায়িত্বে ছিলেন?

Ⓐ কমিশনার Ⓑ ওয়ার্কার ইনচার্জ

Ⓒ পোলিং এজেন্ট Ⓓ প্রিজাইডিং অফিসার

Ⓑ Solve জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বাঙালির দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। বন্ধুবান্ধব, সহকর্মী ও সহধর্মিণীর অনুরোধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায় এই আত্মজীবনী লেখা আরম্ভ করেন। ১৯৫৬ সালে তিনি ফরিদপুরে ওয়ার্কার ইনচার্জ ছিলেন।



CamScanner

07. 'নিপাতনে সিদ্ধ' নিয়মটি কোন জাতীয় শব্দের বানানের জন্য প্রযোজ্য?
Ⓐ অর্ধতৎসম Ⓑ তদ্ভব Ⓒ তৎসম Ⓓ বিদেশি
Ⓐ Solve কোনো নিয়মানুসারে না হলে সেটিকে নিপাতনে সিদ্ধ বলা হয়। 'নিপাতনে সিদ্ধ' নিয়মটি অর্ধতৎসম জাতীয় শব্দের বানানের জন্য প্রযোজ্য।

08. মজিদের আধ্যাত্মিক শক্তির ব্যাপারে অবিশ্বাস পোষণকারী চরিত্রের নাম–
Ⓐ তাহের Ⓑ তাহের-কাদেরের পিতা Ⓒ রহিমা Ⓓ খালেক ব্যাপারী
Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্ম ব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। মজিদের আধ্যাত্মিক শক্তির ব্যাপারে তাহের, রহিমা, খালেক ব্যাপারী বিশ্বাস পোষণ করলেও একমাত্র ব্যতিক্রম ছিলেন তাহের-কাদেরের পিতা।

09. 'সহসা' কোন শব্দের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়?
Ⓐ হঠাৎ Ⓑ শীঘ্র Ⓒ তাড়াতাড়ি Ⓓ সত্বর
Ⓐ Solve 'সহসা' শব্দের সমার্থক শব্দ : হঠাৎ, চকিতে, অকস্মাৎ, অতর্কিতে, আচম্বিতে ইত্যাদি।

10. 'হে আমার মুখে থুতু দিল।'– কে, কার মুখে থুতু দিয়েছে?
Ⓐ রহিমা মজিদের মুখে Ⓑ মজিদ জমিলার মুখে
Ⓒ জমিলা রহিমার মুখে Ⓓ জমিলা মজিদের মুখে
Ⓓ Solve নিঃসন্তান মজিদের সন্তান কামনাসূত্রে তার দ্বিতীয় স্ত্রীরূপে উপন্যাসে জমিলার আগমন ঘটলেও ভণ্ডামি, শঠতা ও পরিবাদের জীবন্ত প্রতিবাদ ও ঘৃণার এক জ্বলন্ত বিগ্রহ হলো জমিলা চরিত্র। এ বিচারে জমিলাকেই উপন্যাসের নায়িকা চরিত্রের অভিধা দেওয়া যেতে পারে।

11. 'গরহাজির' শব্দের 'গর' কোন ভাষার উপসর্গ?
Ⓐ ফরাসি Ⓑ সংস্কৃত Ⓒ আরবি Ⓓ বাংলা
Ⓒ Solve বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে যেগুলো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে শব্দের অর্থের পরিবর্তন, পরিবর্ধন, নতুন শব্দ গঠনে সাহায্য করে থাকে সেগুলোকেই উপসর্গ বলে। আম, খাস, লা, গর – আরবি উপসর্গ।

12. প্রমিত বাংলা বানানরীতি অনুযায়ী শুদ্ধ রূপ কোনটি?
Ⓐ সত্ত্বাধিকারী Ⓑ সত্বাধিকারী Ⓒ সত্তাধিকারী Ⓓ স্বত্বাধিকারী
Ⓓ Solve কতিপয় শুদ্ধ বানান : দুরূহ, নমস্কার, উর্ধ্ব, মুহূর্ত, ইতঃপূর্বে, শ্রদ্ধাঞ্জলি, মুমূর্ষু, ঐক্য, কৃপণ, উল্লিখিত, অহরহ, একাডেমি।

13. 'নিঃশঙ্ক' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
Ⓐ নিশ্‌শঙ্কো Ⓑ নিশ্‌শংকো Ⓒ নিস্‌শঙ্কো Ⓓ নিশ্‌শঙক
Ⓑ Solve কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ : বন্য (বোন্‌নো), বঞ্চিত (বোন্‌চিতো), জ্ঞাত (গ্যাঁতো), দাহ্য (দাজ্‌ঝো), বিস্ময় (বিশ্‌শঁয়্), বাল্মীকি (বাল্‌মিকি), বাধ্য (বাদ্‌ধো)।

14. ম-ফলা যুক্ত কোন ব্যঞ্জনবর্ণগুলোর দ্বিত্ব উচ্চারণ হয় না?
Ⓐ গ, ঙ, ট Ⓑ ত, গ, স Ⓒ জ, ঞ, দ Ⓓ ক, ঝ, ছ
Ⓐ Solve শব্দের মধ্যে বা অন্তে গ, ঙ, ট, ণ, ন, ম এবং ল এর সঙ্গে ম ফলা যুক্ত হলে সেই ম ফলা উচ্চারিত হয়। যেমন : যুগ্ম (জুগ্‌মো ; জুগ্‌গো নয়), জন্ম (জন্‌মো, জমমো নয়)।

15. কোনটি শুদ্ধ বাক্য?
Ⓐ আমি স্বাক্ষী দেবো না Ⓑ আমি সাক্ষী দেবো না
Ⓒ আমি স্বাক্ষ্য দেবো না Ⓓ আমি সাক্ষ্য দেবো না
Ⓓ Solve কতিপয় বাক্য শুদ্ধিকরণ :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য। | রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য। |
| মেয়েটি বিদ্বান কিন্তু ঝগড়াটে। | মেয়েটি বিদুষী কিন্তু ঝগড়াটে। |
| দুরাবস্থা আকাঙ্খা লাভের অন্তরায়। | দুরবস্থা আকাঙ্ক্ষা পূরণের অন্তরায়। |

16. 'তরুছায়ামসী-মাখা'-এই শব্দবন্ধে 'মসী' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ ছবি Ⓑ কলম Ⓒ কালো রং Ⓓ সবুজাভ
Ⓒ Solve 'সোনার তরী' কবিতায় ব্যবহৃত 'মসী' শব্দের প্রকৃত অর্থ কলম হলেও কবিতায় কলমের কালো কালি বা কালচে রঙের মতো অর্থে ব্যবহৃত হয়েছে।

17. 'রাজভয়-লোকভয় কোনো ভয়ই আমায় বিপথে নিয়ে যাবে না।'- 'রাজভয়' ও 'লোকভয়' শব্দ দুটি কোন ধরনের সমাস?
Ⓐ দ্বন্দ্ব Ⓑ কর্মধারয় Ⓒ তৎপুরুষ Ⓓ দ্বিগু
Ⓒ Solve পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায়, তাকে তৎপুরুষ সমাস বলে। যেমন : রাজার ভয় = রাজভয়, লোকের ভয় = লোকভয়।

18. 'ক্রাক-ডাউনের রাত' বলতে ১৯৭১ সালের কোন রাতকে বলা হয়েছে?
Ⓐ ২৬ মার্চ Ⓑ ২৫ মার্চ Ⓒ ১৪ ডিসেম্বর Ⓓ ১৬ ডিসেম্বর
Ⓑ Solve ১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাতে পাকিস্তানি সেনাবাহিনী ঢাকায় যে ভয়াবহ ধ্বংসযজ্ঞ ও গণহত্যা পরিচালনা করে সেই রাতের কথা বোঝাতে ক্রাক-ডাউনের রাত কথাটি ব্যবহৃত হয়েছে।

19. 'এতদিন জেল খাটলাম, আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।'-এই বাক্যের জটিল রূপ কী হবে?
Ⓐ যদিও এতদিন জেল খাটলাম, তথাপি আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।
Ⓑ এতদিন জেল খাটলেও আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই
Ⓒ এতদিন জেল খাটলাম এবং আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।
Ⓓ এতদিন জেল খাটলাম, কিন্তু আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।
Ⓐ Solve যে বাক্যে প্রধান খণ্ডবাক্যের অধীন এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য থাকে, তাকে জটিল বাক্য বলে। যেমন : যিনি পরের উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করেন।

20. 'সালতি' কী?
Ⓐ মাছ বিশেষ Ⓑ গাছ বিশেষ Ⓒ ফসল বিশেষ Ⓓ নৌকা বিশেষ
Ⓓ Solve মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাসি-পিসি' গল্পে ব্যবহৃত 'সালতি' শব্দের অর্থ : শালকাঠ নির্মিত বা তালকাঠের সরু ডোঙা বা নৌকা।

21. 'নিদাঘ' অর্থ কী?
Ⓐ গ্রীষ্ম Ⓑ দাগ নেই Ⓒ শরৎ Ⓓ মেঘ
Ⓐ Solve গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | | |
|---|---|---|
| কদুষ্ণ– ঈষদুষ্ণ | কুলিশ– অশনি | কারণিক– পরীক্ষক |
| কফণি– কনুই | কান্তার– অরণ্য | কনয়া– সোনা |

22. 'আমারি সোনার ধানে গিয়েছে ভরি।'-এখানে 'সোনার ধান' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ তুচ্ছার্থে Ⓑ বৃহদার্থে Ⓒ ব্যঞ্জনার্থে Ⓓ সাধারণ অর্থে
Ⓒ Solve 'সোনার তরী' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম-কবিতা। এ কবিতায় অন্তর্লীন হয়ে আছে একটি গভীর জীবনদর্শন। মহাকালের চিরন্তন স্রোতে মানুষ টিকে থাকতে পারে না, কেবল টিকে থাকে তার সৃষ্ট সোনার ফসল। কবিতাটিতে ব্যবহৃত সোনার ধান শব্দের অর্থ কৃষকের শ্রেষ্ঠ ফসল। ব্যঞ্জনার্থে শিল্পস্রষ্টা কবির সৃষ্টিসম্ভার।

23. 'অপরিচিতা' গল্পে 'মাতৃ-আজ্ঞা' মানে-
Ⓐ মাতৃ-স্বপ্ন Ⓑ মায়ের আদেশ Ⓒ মায়ের নির্দেশনা Ⓓ মাতৃভূমি
Ⓓ Solve 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন 'গল্পসপ্তক'-এ এবং পরে 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)।



CS CamScanner

24. 'He is a dead horse.'-কার সম্পর্কে উক্তিটি করা হয়েছে?
Ⓐ রায় দুর্লভ Ⓑ মির মর্দান Ⓒ মোহনলাল Ⓓ সিরাজউদ্দৌলা

Ⓓ Solve 'সিরাজউদ্দৌলা' (১৯৬৫) নাটকটি চারটি অঙ্কে ও বারোটি দৃশ্যে বিন্যস্ত। এর মধ্যে আটটি দৃশ্যেই সিরাজ স্বয়ং উপস্থিত। নাটকটির কাহিনিসূত্র উন্মোচিত হয়েছে যুদ্ধ দিয়ে। সিরাজউদ্দৌলা বাংলা সাহিত্যের অন্যতম ট্র্যাজেডি নাটক।

25. 'বুড়ি ঠাকুমা' শব্দদ্বয় কোন গল্পে ব্যবহৃত হয়েছে?
Ⓐ বিলাসী Ⓑ মাসি-পিসি Ⓒ অপরিচিতা Ⓓ মহুয়া

Ⓐ Solve কতিপয় শব্দার্থ :

| শব্দ | শব্দের অর্থ | শব্দ | শব্দের অর্থ |
|---|---|---|---|
| বেমক্কা | স্থান বহির্ভূত | প্রৌঢ়া | আধা বয়সি নারী |
| সালতি | সরু ডোঙা বা নৌকা | গুটিগুটি | জড়সড় |

26. মাসি-পিসির পেশা কী ছিল?
Ⓐ অন্যের বাড়িতে শ্রম দেওয়া Ⓑ শহরে কাগজ বিক্রি করা
Ⓒ শহরে চা-বিস্কুট বিক্রি করা Ⓓ শহরে শাকসবজি বিক্রি করা

Ⓓ Solve মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাসি-পিসি' গল্পটি প্রকাশিত হয় কলকাতার 'পূর্বাশা' পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায় (মার্চ-এপ্রিল ১৯৪৬)। পরে এটি সংকলিত হয় 'পরিস্থিতি' নামক গল্পগ্রন্থে। গল্পটিতে দুই বিধবার দারিদ্র্যশীল ও মানবিক জীবনযুদ্ধের পাশাপাশি কলেরা মহামারির কথাও উল্লেখ আছে। শহরের বাজারে শাকসবজি বিক্রি করে তারা জীবিকা নির্বাহ করত।

27. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়া আমাদের-
Ⓐ শক্তি ও প্রেরণা Ⓑ স্মৃতিগন্ধে ভরপুর
Ⓒ চেতনারই রং Ⓓ শহিদের ঝলসিত রক্তের বুদ্বুদ

Ⓒ Solve প্রতিবছর শহরের পথে পথে কৃষ্ণচূড়া ফুল ফোটে। কবির মনে হয় যেন ভাষা শহিদদের রক্তের বুদ্বুদ কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে। তাই একুশের কৃষ্ণচূড়াকে কবি আমাদের চেতনার রঙের সাথে মিলিয়ে নিতে চান।

28. কবি আবু জাফর ওবায়দুল্লাহর ভাষায় যে কবিতা শুনতে জানে না সে আজীবন কী থেকে যাবে?
Ⓐ অজ্ঞ Ⓑ ক্রীতদাস Ⓒ ভীতু Ⓓ প্রাচীন

Ⓑ Solve আবু জাফর ওবায়দুল্লাহ রচিত একটি বিখ্যাত কবিতা 'আমি কিংবদন্তির কথা বলছি'। কবিতাটিতে উচ্চারিত হয়েছে ঐতিহ্যসচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা। কবিতায় তিনি বলেছেন, যে কবিতা শুনতে জানে না সে আজীবন ক্রীতদাস থেকে যাবে।

29. বায়ান্নর দিনগুলোতে লেখকের সঙ্গে সহ-অনশনকারীর নাম কী?
Ⓐ বয়রাত হোসেন Ⓑ আবদুর রশীদ
Ⓒ মহিউদ্দিন আহমদ Ⓓ খান সাহেব ওসমান আলী

Ⓒ Solve জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। ভাষা আন্দোলনের সময় তিনি ফরিদপুর জেলে বন্দি ছিলেন। সেই সময় বিনা বিচারে আটক রাখার প্রতিবাদে তিনি আর মহিউদ্দিন আহমদ জেলে অনশন শুরু করেন।

30. 'রেইনকোট' গল্পে নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার?
Ⓐ জিওগ্রাফি Ⓑ বোটানি Ⓒ হিস্ট্রি Ⓓ কেমিস্ট্রি

Ⓓ Solve আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গ্রন্থে সংকলিত হয়। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। গল্পের কেন্দ্রীয় চরিত্র নুরুল হুদা কেমিস্ট্রি বিষয়ের লেকচারার ছিলেন।

31. 'প্রতিদান' কবিতার মূল প্রতিপাদ্য কী?
Ⓐ ব্যক্তিস্বার্থ Ⓑ পরার্থপরতা Ⓒ আত্মগ্লানি Ⓓ প্রকৃতি-বন্দনা

Ⓑ Solve 'প্রতিদান' কবিতাটি কবি জসীমউদ্দীনের 'বালুচর' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। এ কবিতায় কবি ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিয়ে পরার্থপরতার মধ্যেই যে ব্যক্তির প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত সেই বিষয়ে আলোকপাত করেছেন।

32. 'আমার পথ' প্রবন্ধের আলোকে নিজের বিশ্বাস আর সত্যকে প্রকাশ করতে না জানলে কী তৈরি হয়?
Ⓐ স্বনির্ভরতা Ⓑ পরনির্ভরতা Ⓒ ভয় Ⓓ দম্ভ

Ⓑ Solve 'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত হয়েছে। 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম এমন এক 'আমি'র আবাহন প্রত্যাশা করেছেন যার পথ সত্যের পথ; সত্য প্রকাশে তিনি নির্ভীক অসংকোচ। কাজী নজরুল ইসলাম 'আমার পথ' প্রবন্ধে বলেছেন 'আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।'

33. 'লালসালু' উপন্যাসের সংলাপে কোন অঞ্চলের ভাষা ব্যবহৃত হয়েছে?
Ⓐ চট্টগ্রাম Ⓑ কুমিল্লা Ⓒ নোয়াখালি Ⓓ বরিশাল

Ⓒ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্ম ব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। উপন্যাসটিতে একদিকে যেমন বাংলার গ্রামজীবনের বাস্তব প্রকৃতি ধরা পড়েছে তেমনি রূপায়িত হয়েছে অসংখ্য গ্রামীণ মানুষের জীবন। উপন্যাসের সংলাপে নোয়াখালি অঞ্চলের ভাষা ব্যবহৃত হয়েছে।

34. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'- কোন বৈশিষ্ট্যের কারণে কবি এই প্রত্যাশা করেছেন?
Ⓐ ইতিবাচক Ⓑ দুঃসাহস Ⓒ বয়স Ⓓ তারুণ্য

Ⓐ Solve সুকান্ত ভট্টাচার্যের (১৯২৬-১৯৪৭) 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে। এ কবিতায় কবি নিজের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরে অদম্য তারুণ্যশক্তির জয়গান গেয়েছেন।

35. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কোন ঋতুকে কেন্দ্র করে রচিত?
Ⓐ শীত Ⓑ বসন্ত Ⓒ শরৎ Ⓓ হেমন্ত

Ⓑ Solve 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। এ কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে। কবিতাটিতে বসন্ত ঋতুর আগমনের কথা বলা হয়েছে।

## English

**Read the passage below and answer the question that folow : (Question 1-5) :**

Children's right to education is widely recognized today as a fundamental right. But that also implies that the school they go to will have a pleasant and lerning-friendly environment where everyone will have an enjoyable time. Teachers will be kind, caring and supportive, and children will feel relaxed. No harsh words will be spoken to them and special care will be taken of children with learning disabilities.

That, unfortunately, is not the general picture in many school. The system of education in this parts of the world does not allow children much freedom and their special needs are often ignored. Children remain silent in the class unless their teachers ask them a question. They cannot take change of their education and are encouraged to be obedient listeners. Learning is still based on rote memorization. Which does not allow students to think critically.



CamScanner

**01. The passage suggests that–**
Ⓐ the way education is imparted in many school does not uphold childern's right to education
Ⓑ education system in this part of the world is sensitive to the rights of students with learning disabilities
Ⓒ teachers are always respectful of human
Ⓓ teachers inspire the students to develo the ability of critical thinking
Ans Ⓐ Explanation The passage suggests that বলতে কি বিষয়ে আলোচনা করা হয়েছে, যার উত্তর অপশন Ⓐ-তে রয়েছে। মূলত শিক্ষায় শিশুদের অধিকার।

**02. The passage is about–**
Ⓐ human rights
Ⓑ the general picture in many school
Ⓒ the problems teahers face in the classroom
Ⓓ rote memorization
Ans Ⓑ Explanation Passage টি মূলত বিভিন্ন স্কুলের সাধারণ চিত্র সম্পর্কিত।

**03. According to the passage–**
Ⓐ students listen to teachers obediently
Ⓑ teachers only teach students to be obedient
Ⓒ students listen to teachers obediently without asking question
Ⓓ students are forced to ask questions by teachers
Ans Ⓑ Explanation Passage অনুসারে শিক্ষকরা ছাত্রদের কেবল বাধ্যগত হওয়ার শিক্ষা দিয়ে থাকে।

**04. The word 'memorization' means–**
Ⓐ the process of commiting something to memory
Ⓑ applying reason to remember something
Ⓒ forgetting everything except the lesson leamt
Ⓓ repeating lessons without understanding them
Ans Ⓐ Explanation Memorization অর্থ কোন কিছু মুখস্থ করার প্রক্রিয়া।

**05. The passage suggests that children with learning disabilities in many schools are–**
Ⓐ appreciated by teachers Ⓑ harshly treated by teachers
Ⓒ looked after by teachers Ⓓ generally ignored by teachers
Ans Ⓓ Explanation ছাত্র-ছাত্রীদের পড়াশোনার সমস্যাগুলো সাধারণত শিক্ষকদের দ্বারা অবজ্ঞা করা হয়।

**Choose the correct form of verb : (Question 6 – 10) :**

**06. The teacher let the students — for five minutes.**
Ⓐ to think Ⓑ think Ⓒ thinking Ⓓ thought
Ans Ⓑ Explanation Let একটি causative verb, যার পরে সব সময় verb এর base form হয়। তাই think হবে।

**07. Hasan informs that Zara — the work already.**
Ⓐ finished Ⓑ has finished
Ⓒ had finished Ⓓ has been finishing
Ans Ⓑ Explanation Already থাকলে present perfect tense হয় তাই has finished হয়েছে।

**08. Ten men died in accident as a car and a bus —— last evening.**
Ⓐ have collided Ⓑ collided
Ⓒ collisioned Ⓓ has collided
Ans Ⓑ Explanation Last evening থাকায় Past tense হবে।

**09. Ten years —— since I last visited the museum.**
Ⓐ have passed Ⓑ passed Ⓒ had passed Ⓓ were passed
Ans Ⓐ Explanation Since যুক্ত clause টি past indefinite tense হ[…] main clause টি present tense (indefinite/perfect) হয়।

**10. We seem —— a problem with the car.**
Ⓐ had Ⓑ have Ⓒ to having Ⓓ to have
Ans Ⓓ Explanation Seem (v) + to + $v_1$ হয়।

**11. What does the word 'haggling' mean?**
Ⓐ Bargain persistently over the cost of something
Ⓑ Settling a dispute
Ⓒ Quarrelling
Ⓓ Arguing about someone's choices
Ans Ⓐ Explanation Haggling অর্থ দরকষাকষি করা; যা Bargain এর synonym.

**12. Choose the correct spelling :**
Ⓐ Indigeneous Ⓑ Indeginous Ⓒ Indigenous Ⓓ Indigenius
Ans Ⓒ Explanation অপশনগুলোর মধ্যে Indigenous শব্দটি সঠিক বানানে লেখা যার অর্থ দেশীয়।

**13. Which of the following is a plural noun?**
Ⓐ Mathematics Ⓑ Crisis Ⓒ Criteria Ⓓ Molasses
Ans Ⓒ Explanation অপশনের মধ্যে "Criteria" plural noun যার singula[r] criterion.

**14. Which word does not have a verb form?**
Ⓐ Trust Ⓑ Ruin Ⓒ Fault Ⓓ Suicide
Ans Ⓓ Explanation Suicide (noun) যার অর্থ আত্মহত্যা।

**Identify the part of speech of the underlined word (Questions 15-16)**

**15. We ought to imporve the condition of those who fee[l] downtrodden.**
Ⓐ Noun Ⓑ Adverb Ⓒ Adjective Ⓓ Verb
Ans Ⓒ Explanation Downtrodden অর্থ নিপীড়িত, যা একটি adjective.

**16. Please water the plants in my absence.**
Ⓐ Noun Ⓑ Adverb Ⓒ Adjective Ⓓ Verb
Ans Ⓓ Explanation Water (পানি/পানি দেওয়া) শব্দটি noun এবং verb দুভাবেই ব্যবহৃত হয়। উপরোক্ত বাক্যে এটি verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

**Fill in the blanks with appropriate word(s): (Questions 17-18)**

**17. If you practised a lot, —— a good cricketer.**
Ⓐ you could Ⓑ you could have
Ⓒ you could be Ⓓ you could have been
Ans Ⓒ Explanation 2nd conditional এর structure : If + past + sub + would/could + $v_1$.

**18. Neptune is an extremely cold planet, and —— Uranus.**
Ⓐ so does Ⓑ so has Ⓒ so is Ⓓ it is
Ans Ⓒ Explanation Affirmative aggreement অনুযায়ী subject + b[e] verb + ext + and + so + be verb + subject হয়।

**Which of the following sentences is correct?(Questions 19-20)**

**19.** Ⓐ The Mayor as well as his brothers are going to prison
Ⓑ Neither of the two traffic lights are working
Ⓒ The number of volunteers grow every year
Ⓓ Two-fifths of the forest was destroyed by fire
Ans Ⓓ Explanation ভগ্নাংশের পরবর্তী Noun/Pronoun অনুযায়ী verb নির্ধারিত হয়। তাই forest was destroyed by fire সঠিক



CS CamScanner

20. Ⓐ All the furniture has been bought by my mother
Ⓑ All the furnitures have been bought my mother
Ⓒ All the furnitures has been bought by my mother
Ⓓ All the furniture have been bought by my mother
Ⓐ Explanation Furniture uncountable noun যার পরে সব সময় verb singular হয়।

**Use appropriate prepositions to complete the sentences : (Questions 21-24)**

**21. Unemployed youths are more likely to get exposed — violence.**
Ⓐ to Ⓑ on Ⓒ with Ⓓ over
Ⓐ Explanation Exposed to অর্থ অনাবৃত রাখা।

**22. This beautiful dress comes — four colors.**
Ⓐ at Ⓑ over Ⓒ by Ⓓ in
Ⓓ Explanation Come in অর্থ enter, reach.

**23. He readily agreed — my proposal to donate to a charity fund.**
Ⓐ with Ⓑ at Ⓒ to Ⓓ on
Ⓒ Explanation Agree to কোনো প্রস্তাবে রাজি হওয়া বুঝাতে ব্যবহৃত হয়।

**24. We marveled — the beauty of the monument.**
Ⓐ up Ⓑ to Ⓒ of Ⓓ at
Ⓓ Explanation Marvel at sth অর্থ বিস্মিত হওয়া।

**25. What type of verb is the underlined word : I play football?**
Ⓐ Finite Ⓑ Nonfinite Ⓒ Transitive Ⓓ Intransitive
Ⓒ Explanation Transitive verb মানে যে verb এর object আছে। এখানে 'play' verb এর object হচ্ছে football.

**26. What is the meaning of 'etiquette'?**
Ⓐ Discourtesy Ⓑ Immorality Ⓒ Courtesy Ⓓ Rudeness
Ⓒ Explanation Etiquette অর্থ শিষ্টাচার যা courtesy শব্দের synonym।

**27. A sonnet is a poem of — lines.**
Ⓐ sixteen Ⓑ fourteen Ⓒ eight Ⓓ twelve
Ⓑ Explanation Sonnet বলতে 14 লাইন বিশিষ্ট কবিতাকে বুঝায়।

**28. What is the correct synonym for 'serene'?**
Ⓐ Noisy Ⓑ Clamorous Ⓒ Turbulent Ⓓ Tranquil
Ⓓ Explanation Serene অর্থ শান্ত, যা Tranquil এর synonym.

**29. When something tastes disgusting, it is —**
Ⓐ tasty Ⓑ awful Ⓒ mouthwatering Ⓓ jaw-dropping
Ⓑ Explanation Tastes disgusting বলতে ভালো না লাগা যা awful অর্থ বুঝায়।

**30. What is the meaning of the idiom 'Give someone the cold shoulder'?**
Ⓐ Ignore someone
Ⓑ Carry someone on the shoulder
Ⓒ Put an ice pack on someone's shoulder
Ⓓ Flip someone over the shoulder
Ⓐ Explanation Give someone the cold shoulder অর্থ কাউকে অবহেলা/অবজ্ঞা করা।

**31. Identify the clause of the underlined words : What he says is true.**
Ⓐ Noun clause Ⓑ Adjective clause
Ⓒ Adverbial clause Ⓓ Subordinate clause
Ⓐ Explanation Clause-টির স্থলে It বসালে যদি অর্থপূর্ণ sentence হয় তবে সেটি noun clause হবে।

**32. What is the meaning of 'A dime a dozen'?**
Ⓐ Something expensive Ⓑ Something common
Ⓒ Something rare Ⓓ Something useful
Ⓑ Explanation 'A dime a dozen' phrase-টির অর্থ সাধারণ কিছু।

**33. Choose the right antonym for 'credible'.**
Ⓐ Believable Ⓑ Doubtful Ⓒ Generous Ⓓ Hopeless
Ⓑ Explanation Credible অর্থ বিশ্বাসযোগ্য যার বিপরীত শব্দ Doubtful।

**34. Who wrote *Gulliver's Travels*?**
Ⓐ Walter Scott Ⓑ Jonathan Swift
Ⓒ Bernard Shaw Ⓓ Charles Dickens
Ⓑ Explanation Gulliver's Travels এর লেখক Jonathan Swift, যার অন্য বিখ্যাত বইয়ের মধ্যে A Tale of a Tub, A Modest Proposal অন্যতম।

**35. What kind of a poem is "The Rhyme of the Ancient Mariner"?**
Ⓐ A ballad Ⓑ An epic poem Ⓒ A song Ⓓ An elegy
Ⓐ Explanation S.T Coleridge এর বিখ্যাত কবিতা "The Rhyme of the Ancient Mariner" হলো একটি ballad। তার অন্য কবিতার মধ্যে Kubla Khan, Christabel অন্যতম।

## সাধারণ জ্ঞান

**01. কোনটি সমাজের বৈশিষ্ট্য নয়?**
Ⓐ জনসমষ্টি Ⓑ স্থায়িত্ব Ⓒ ঐক্য Ⓓ অভিন্ন ভাষা
Ⓓ Solve জনসমষ্টি, স্থায়িত্ব ও ঐক্য হলো সমাজের প্রধান বৈশিষ্ট। সমাজের প্রতিটি স্তর একে অপরের সাথে সম্পূর্ণরূপে নির্ভরশীল। সমাজ প্রকৃতপক্ষে মনুষ্য জনগোষ্ঠী নিয়ে গঠিত হয়। সমাজে একতা ও সহযোগিতার অনুভূতি রয়েছে। সমাজ একটি স্থায়ী, নিয়ন্ত্রিত ও নিয়ম মাফিক চলার সংগঠন।

**02. মুদ্রাস্ফীতির নেতিবাচক প্রভাব কোনটি?**
Ⓐ ক্রয়ক্ষমতা বৃদ্ধি Ⓑ বেকারত্ব হ্রাস Ⓒ সুদের হার হ্রাস Ⓓ প্রকৃত আয় হ্রাস
Ⓓ Solve দীর্ঘকালীন দ্রব্যমূল্যের উর্ধ্বগতিকে মুদ্রাস্ফীতি বলা হয়। মুদ্রাস্ফীতির নেতিবাচক প্রভাবগুলো হলো- প্রকৃত আয় হ্রাস, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, মুদ্রামান হ্রাস, উৎপাদন হ্রাস, ক্রয়ক্ষমতা হ্রাস, বেকারত্ব বৃদ্ধি, সুদের হার বৃদ্ধি, আয় বন্টনে বৈষম্য ইত্যাদি।

**03. কোন পদটি দুইবার দুই অর্থে ব্যবহৃত হলে সহানুমানের ক্ষেত্রে দ্ব্যর্থক অপ্রধান পদ অনুপপত্তি ঘটে ?**
Ⓐ সাধ্যপদ Ⓑ চতুর্থ পদ Ⓒ পক্ষপদ Ⓓ হেতুপদ Ans Ⓓ

**04. 'মানব উন্নয়ন সূচক'-এর মৌলিক নির্দেশক**
Ⓐ মাথাপিছু জাতীয় আয় Ⓑ সুদের হার
Ⓒ জনসংখ্যা বৃদ্ধির হার Ⓓ প্রতিরক্ষা উন্নয়ন বাজেট
Ⓐ Solve ১৯৯০ সাল থেকে United Nations Development Programme (UNDP) কর্তৃক প্রকাশিত হয়ে আসছে মানব উন্নয়ন সূচক (HDI). UNDP কর্তৃক Human Development Index (HDI) নির্ধারণের মানদণ্ড ৩টি। যথা- প্রত্যাশিত জীবনকাল, শিক্ষার হার ও মাথাপিছু মোট জাতীয় উৎপাদন।

**05. কোন কম্পিউটার-পদ্ধতি পৃথিবীপৃষ্ঠের বিভিন্ন স্থানের উপাত্ত ধারণ ও ব্যবহারের বর্ণনা দেয়?**
Ⓐ GPS Ⓑ GIS Ⓒ SPSS Ⓓ MIS Ans Ⓑ


CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**23. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) কয়টি?**

Ⓐ ১৬টি Ⓑ ১৭টি Ⓒ ১৮টি Ⓓ ১৯টি

Ⓑ **Solve** Sustainable Development Goals (SDG); যার বাংলা অর্থ 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা'। এটি Millennium Development Goals (MDG) এর স্থলে প্রতিস্থাপিত হয়। SDG'র নির্ধারিত লক্ষ্য ও অভীষ্ট ১৭টি এবং মেয়াদকাল ২০১৬-২০৩০ সাল।

**24. NATO-এর সর্বশেষ সদস্য রাষ্ট্র হলো-**

Ⓐ সুইডেন Ⓑ ইউক্রেন Ⓒ এস্তোনিয়া Ⓓ ফিনল্যান্ড

Ⓓ **Solve** বিশ্বের বৃহত্তম সামরিক জোট North Atlantic Treaty Organization (NATO); এটি প্রতিষ্ঠিত হয় ৪ এপ্রিল ১৯৪৯ সালে। ৪ এপ্রিল ২০২৩ সালে ৩১তম সদস্যদেশ হিসেবে ফিনল্যান্ড NATO-তে যোগদান করে। NATO-এর সর্বশেষ সদস রাষ্ট্র অর্থাৎ ৩২তম দেশ সুইডেন (৭ মার্চ ২০২৪)।

**25. জেন্ডারের ভিত্তিতে সৃষ্ট সামাজিক বৈষম্য নয় কোনটি?**

Ⓐ সম্পত্তির উত্তরাধিকারের বৈষম্য Ⓑ চলাফেরার বৈষম্য

Ⓒ শ্রমমূল্যে বৈষম্য Ⓓ বয়সভিত্তিক বৈষম্য **Ans Ⓑ**

**26. কোন ঘটনার প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন?**

Ⓐ রিবিঘর হত্যাকাণ্ড Ⓑ জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড

Ⓒ জম্মু হত্যাকাণ্ড Ⓓ বিহার হত্যাকাণ্ড

Ⓑ **Solve** সংবাদপত্রের কণ্ঠরোধ, বিনা বিচারে কারাদণ্ড প্রদান ইত্যাদির লক্ষ্যে ১৯১৯ সালে প্রবর্তিত হয় রাওলাট আইন। ১৩ এপ্রিল ১৯১৯ সালে রাওলাট আইনের প্রতিবাদে অমৃতসরের (পাঞ্জাব) জালিয়ানওয়ালাবাগ উদ্যানে ১০,০০০ মানুষ সমবেত হয়। ঐদিন জেনারেল ডায়ারের নির্দেশে সমবেত জনতার ওপর নির্বিচারে গুলি চালিয়ে অসংখ্য মানুষকে হত্যা করে ইংরেজ সেনাবাহিনী। রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৫ সালে ব্রিটেনের রানি কর্তৃক পাওয়া নাইট উপাধি জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে প্রত্যাখ্যান করেন ১৯১৯ সালে।

**27. কোনটি সামাজিকীকরণের উপাদান নয়?**

Ⓐ অনুকরণ Ⓑ শিক্ষণ Ⓒ বিচ্ছিন্নকরণ Ⓓ চিহ্নিতকরণ

Ⓒ **Solve** সমাজের বসবাস উপযোগী উপাদানে পরিণত হওয়াকে সামাজিকীকরণ বলা হয়ে থাকে। সামাজিকীকরণের উপাদানগুলো হলো- অনুকরণ, শিক্ষণ, চিহ্নিতকরণ, মিথস্ক্রিয়া, পারস্পারিক মমতাবোধ ইত্যাদি।

**28. 'ভারত শাসন আইন' কবে রাজকীয় সম্মতি লাভ করে?**

Ⓐ ২ আগস্ট ১৯৩৫ Ⓑ ২৫ আগস্ট ১৯৩৫

Ⓒ ৭ নভেম্বর ১৯৩১ Ⓓ ১২ নভেম্বর ১৯৩১

Ⓐ **Solve** ১৯৩৫ সালের ৫ ফেব্রুয়ারি তদানীন্তন ভারত সচিব স্যার স্যামুয়েল হোর একটি বিল উত্থাপন করেন। ১৯৩৫ সালের ২ আগস্ট ঐ বিল ব্রিটিশ রাজার সম্মতি (Royal Consent) লাভের পর আইনে পরিণত হয়। ঐ আইনই 'ভারত শাসন আইন ১৯৩৫' নামে পরিচিত। আইনটি কার্যকর হয় ১ এপ্রিল ১৯৩৭ সালে।

**29. অগাস্ট কোঁৎ-এর মতে কোনটি মানবজ্ঞানের ত্রয়স্তর সূত্রের অন্তর্ভুক্ত নয়?**

Ⓐ ধর্মতাত্ত্বিক স্তর Ⓑ বস্তুগত স্তর Ⓒ অধিবিদ্যাগত স্তর Ⓓ দৃষ্টবাদী স্তর

Ⓑ **Solve** সমাজবিজ্ঞানের জনক অগাস্ট কোঁৎ এর মতে কোনটি মানবজ্ঞানের ত্রয়স্তর সূত্র ৩টি। যথা- ধর্মতাত্ত্বিক স্তর, অধিবিদ্যাগত স্তর ও দৃষ্টবাদী স্তর। ধর্মতাত্ত্বিক স্তরের মূলকথা "ধর্মীয় বিশ্বাস", অধিবিদ্যাগত স্তরের মূলকথা "অজ্ঞাত ক্ষমতা" এবং দৃষ্টবাদী স্তরের মূলকথা "পর্যবেক্ষণ ও অভিজ্ঞতার ভিত্তিতে সম্পর্ক বিশ্লেষণ"।

**30. বাংলাদেশে মৌলিক অধিকারের সংরক্ষক হচ্ছে-**

Ⓐ আইন মন্ত্রণালয় Ⓑ জাতীয় সংসদ Ⓒ সুপ্রিম কোর্ট Ⓓ এটর্নি জেনারেল

Ⓒ **Solve** বাংলাদেশের সর্বোচ্চ আদালত হলো 'সুপ্রিম কোর্ট'। সুপ্রিম কোর্ট আপিল বিভাগ (উচ্চ আদালত) ও হাইকোর্ট বিভাগ (নিম্ন আদালত) নিয়ে গঠিত। বাংলাদেশে মৌলিক অধিকারের সংরক্ষক, সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকারক হচ্ছে সুপ্রিম কোর্ট।

# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা : ২০২১-২২

## ইউনিট-B (মানবিক শাখা) ; সেট-১

### বাংলা

**01. অসমাপ্ত আত্মজীবনীতে কত সাল পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের ঘটনাবলি স্থান পেয়েছে?**

Ⓐ ১৯৫৫ Ⓑ ১৯৫৮ Ⓒ ১৯৬৯ Ⓓ ১৯৭০

Ⓐ **Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে ১৯২০ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত তাঁর পারিবারিক ও রাজনৈতিক জীবনের বিভিন্ন ঘটনাবলির বিবরণ পাওয়া যায়।

**02. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাত থেকে নক্ষত্রের মতো কী ঝরছে?**

Ⓐ রক্ত Ⓑ পতাকা Ⓒ বন্দুকের গুলি Ⓓ বর্ণমালা

Ⓓ **Solve** শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যের অন্তর্ভুক্ত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাতে নক্ষত্রের মতো বর্ণমালা ঝরে পড়ার কাব্যিক রূপ : 'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো/ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা'

**03. মাঠে পাকা ধান দেখে যাদের মনে ভক্তিভাব জেগে ওঠে মজিদের দৃষ্টিতে তারা কীসের পূজারী?**

Ⓐ ভূত Ⓑ পীর Ⓒ মাঠ Ⓓ ফসল

Ⓐ **Solve** সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' উপন্যাসে মাঠে পাকা ধান দেখে মাটির প্রতি মমত্ববোধের বিষয়টি সম্পর্কে মজিদের বিরূপ ধারণা প্রকাশ পেয়েছে। ঔপন্যাসিকের বর্ণনায় : 'মজিদ বলে, মাঠভরা ধান দেখে যাদের মনে মাটির প্রতি পূজার ভাব জাগে তারা ভূত পূজারী। তার গুনাগার।

**04. কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস নয়?**

Ⓐ বাঁধন-হারা Ⓑ মৃত্যুক্ষুধা Ⓒ কুহেলিকা Ⓓ ব্যথার দান

Ⓓ **Solve** কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ 'ব্যথার দান' গল্পগ্রন্থের গল্পগুলো হলো : ব্যথার দান, হেনা, অতৃপ্ত কামনা, বাদল বরিষণে, ঘুমের ঘোরে, রাজবন্দীর চিঠি।

**05. সিরাজ-উদ্-দৌলা নাটকে ঘসেটি বেগমের পালক পুত্রের নাম কী?**

Ⓐ মীর মীরন Ⓑ মীর জুমলা Ⓒ মানিক চাঁদ Ⓓ শওকত জং

**Note :** ঘষেটি বেগমের পোষ্যপুত্র একরামউদ্দৌলা।

**06. বাংলাদেশ জাতীয় জাদুঘর কত সালে শুরু করে?**

Ⓐ ১৯১৩ Ⓑ ১৯১৫ Ⓒ ১৯২১ Ⓓ ১৯২৩

Ⓐ **Solve** 'বাংলাদেশ জাতীয় জাদুঘর' দেশের সবচেয়ে বড় জাদুঘর। এ দেশের ইতিহাস, প্রত্নতত্ত্ব, নৃতত্ত্ব, শিল্পকলা ও প্রাকৃতিক ইতিহাসের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার কাজে এটি নিয়োজিত। বর্তমানে ঢাকা মহানগরের শাহবাগে এর অবস্থান।

**07. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ নয় ?**

Ⓐ মতিচূর Ⓑ পদ্মরাগ Ⓒ সুলতানার স্বপ্ন Ⓓ উদাত্ত পৃথিবী

Ⓓ **Solve** রচনা সম্পর্কিত তথ্য :

| রচয়িতা | রচনা | ধরন |
|---|---|---|
| সুফিয়া কামাল | উদাত্ত পৃথিবী | কাব্য |
| রোকেয়া সাখাওয়াত হোসেন | মতিচূর (১ম,২য় খণ্ড) | গদ্যগ্রন্থ |
| | পদ্মরাগ, সুলতানার স্বপ্ন | উপন্যাস |

**08. বৃক্ষ কীসের ইঙ্গিত দেয়?**

Ⓐ বৃদ্ধি ও আশ্রয় Ⓑ ছায়া ও প্রশান্তি

Ⓒ বৃদ্ধি ও প্রশান্তি Ⓓ সম্পদ ও উদারতা

Ⓒ **Solve** মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি কথা' গ্রন্থের অন্তর্গত 'জীবন ও বৃক্ষ' রচনার অংশবিশেষ : বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়-প্রশান্তিরও ইঙ্গিত। অতি শান্ত ও সহিষ্ণুতায় সে জীবনের গুরুভার বহন করে।'

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**09. রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?**
Ⓐ গীতাঞ্জলি Ⓑ জন্মদিনে Ⓒ বলাকা Ⓓ চিত্রা

**Ⓑ Solve** 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩ বঙ্গাব্দের পহেলা বৈশাখ কাব্যটি প্রথম প্রকাশিত হয়। ১৩৪৭ বঙ্গাব্দের ফা সংখ্যা 'প্রবাসী'তে কবিতাটি 'ঐকতান'নামে প্রথম প্রকাশিত হয়। সমিল প্রবহ অক্ষরবৃত্ত ছন্দে রচিত এ কবিতাটি অশীতিপর স্থিতপ্রজ্ঞ কবির আত্ম-সমা কবি হিসেবে নিজের অপূর্ণতার স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি।

**10. 'আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী। তাই না?'- এখানে আব্বুর নাম কী?**
Ⓐ সাত্তার মৃধা Ⓑ নুরুল হুদা Ⓒ আফাজ আহমদ Ⓓ নুরুল আহমদ

**Ⓑ Solve** আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পের কেন্দ্রীয় চরিত্র নুরুল হুদা। নুরুল হুদা বৃষ্টির দিনে কলেজে যাওয়ার সময় তার শ্যালক মুক্তিযোদ্ধা মিন্টুর রেইনকোট গায়ে দিলে তার মেয়ে উক্ত উক্তিটি করে।

**11. '....অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই'- উক্তিটি কার?**
Ⓐ কমলাকান্ত Ⓑ মার্জার
Ⓒ কালীকান্ত চট্টোপাধ্যায় Ⓓ কাজী নজরুল ইসলাম

**Ⓑ Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিড়াল' রচনায় মার্জারের মন্তব্যের অংশবিশেষ : 'পাঁচ শত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচ শত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে, তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয়, তবে দরিদ্র অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে ; কেননা, অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই।'

**12. বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মেঘনাদবধ কাব্যর কোন সর্গ থেকে নেয়া হয়েছে?**
Ⓐ দ্বিতীয় Ⓑ চতুর্থ Ⓒ ষষ্ঠ Ⓓ অষ্টম

**Ⓒ Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে সংকলিত হয়েছে। কাব্যাংশটি ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**13. 'সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের পর'-কী নাম তার?**
Ⓐ শঙ্খমালা Ⓑ বনলতা Ⓒ সবিতা Ⓓ সুরঞ্জনা

**Ⓐ Solve** জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যভুক্ত 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার অংশবিশেষ : সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর-/শঙ্খমালা নাম তার : এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে/তারে আর খুঁজে তুমি পাবে নাকো-বিশালাক্ষী দিয়েছিল বর,'

**14. মজিদকে প্রথমবার দেখে জমিলা কী ভেবেছিল?**
Ⓐ বর Ⓑ ঘটক Ⓒ শ্বশুর Ⓓ মৌলভি

**Ⓒ Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্র 'লালসালু' উপন্যাসে মজিদ ও রহিমাকে প্রথমবার দেখার পর জমিলার মনোগত ধারণাটির বর্ণনা এরকম : '... কারণ কী আমি ভাবলাম, তানি বুঝি দুলার বাপ। আর- হঠাৎ আবার হাসির একটা গমক আসে, তবু নিজেকে সংযত করে সে বলে- আর, এইখানে তোমারে দেইখা ভাবলাম তুমি বুঝি শাশুড়ি।'

**15. গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কী ধরনের রচনা?**
Ⓐ স্মৃতিনির্ভর Ⓑ সংলাপনির্ভর Ⓒ বর্ণনামূলক Ⓓ উপদেশমূলক

**Ⓑ Solve** সুফিয়া কামালের তাহারেই পড়ে মনে কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে মাসিক মোহাম্মদী পত্রিকায় প্রকাশিত হয়। কবিতাটিতে কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে। গঠনরীতির দিক থেকে কবিতাটি সংলাপনির্ভর কবিতা।

**16. 'সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান' হচ্ছে**
Ⓐ মুক্তিযুদ্ধ Ⓑ কবিতা Ⓒ নাটক Ⓓ ভাষা-আন্দোলন

**Ⓑ Solve** আবু জাফর ওবায়দুল্লাহর 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যের নাম-কবিতা 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার অংশবিশেষ : সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা/ সুপুরুষ ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা'

**17. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'প্রাণের জাহাজ' দ্বারা কী বোঝায়?**
Ⓐ জনতা ও গণতন্ত্র Ⓑ জনসম্পদ ও প্রকৃতি
Ⓒ জনতা ও জাতিসত্তা Ⓓ জনতা ও জনসম্পদ

**Ⓓ Solve** দিলওয়ার রচিত 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'প্রাণের জাহাজ' বলতে জনতা ও জনসম্পদকে বুঝিয়েছেন। উল্লেখ্য, কবিতাটি ছয় মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

**18. নূরলদীন কোন অঞ্চলের কৃষকনেতা ছিলেন?**
Ⓐ ফরিদপুর-বরিশাল Ⓑ রংপুর-দিনাজপুর
Ⓒ নওগাঁ-চাঁপাইনবাবগঞ্জ Ⓓ সিলেট-কুমিল্লা

**Ⓑ Solve** সৈয়দ শামসুল হকের 'নূরলদীনের সারাজীবন' কাব্যনাট্যের প্রস্তাবনা অংশ 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় রংপুর-দিনাজপুর অঞ্চলে সামন্তবাদ-সাম্রাজ্যবাদবিরোধী সাহসী কৃষকনেতা নূরলদীনের সংগ্রামের কথা ইতিহাসে লিপিবদ্ধ হয়েছে।

**19. কোনটি 'সড়গড়' শব্দের অর্থ নয়?**
Ⓐ স্মৃতিগত Ⓑ অভ্যস্ত Ⓒ অসংগত Ⓓ রপ্ত

**Ⓒ Solve** গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| গুটিসুটি | জড়সড় | মোদ্দাকথা | মোটকথা, আসল কথা। |
| নীলনকশা | মূল প্রতিচিত্র | অপহারক | অপহরণ বা চুরি করে এমন। |

**20. 'আহ্বান' গল্পে বুড়ি কে?**
Ⓐ জমির করাতির স্ত্রী Ⓑ চক্কোত্তি মশায়ের স্ত্রী
Ⓒ আবেদালির মা Ⓓ শুকুর মিঞার মা

**Ⓐ Solve** 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের একটি উদার মানবিক সম্পর্কের গল্প। গল্পের অন্যতম গুরুত্বপূর্ণ চরিত্র বুড়ি যিনি লেখককে নিজ সন্তানের মতোই ভালোবাসতেন। গল্পের বুড়ি ছিল জমির করাতির স্ত্রী।

**21. 'trilogy'-এর পরিভাষা কী?**
Ⓐ রচনাবলি Ⓑ ত্রয়ী Ⓒ গাঁথা Ⓓ গীতিকা

**Ⓑ Solve** পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Ballad | গাঁথা | Lyric | গীতিকা |
| Folk-literature | লোকসাহিত্য | Elegy | শোক কবিতা |

**22. কোনটি ফারসি উপসর্গ?**
Ⓐ হর Ⓑ আম Ⓒ নিম Ⓓ সাব

**Ⓒ Solve** 'নিম' (নিমরাজি) – ফারসি উপসর্গ ; 'হর' (হররোজ) – হিন্দি উপসর্গ ; 'আম' (আমদরবার) – আরবি উপসর্গ এবং 'সাব' (সাব-জজ) – ইংরেজি উপসর্গ।

**23. কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি নয়?**
Ⓐ কল কল Ⓑ টন টন Ⓒ ঝম ঝম Ⓓ লাল লাল

**Ⓓ Solve** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক শব্দকে ধ্বন্যাত্মক বা অনুকার অব্যয়ও বলে। যেমন : ঝম ঝম (বৃষ্টি পড়ার শব্দ), কলকল (জল প্রবাহের মৃদু শব্দ), টন টন (দুঃসহ ব্যথার ভাব)।

**24. বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে কোন ধ্বনির ব্যবহারের প্রয়োজন নেই?**
Ⓐ শ Ⓑ স Ⓒ ষ Ⓓ য়

**Ⓒ Solve** বাংলা ভাষায় সাধারণত মূর্ধন্য-ষ ধ্বনির ব্যবহার নেই। তাই তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য-ষ লেখার প্রয়োজন হয় না।

**25. মাসের শেষ দিনকে এক কথায় কী বলা হয়?**
Ⓐ একাদশী Ⓑ মাসান্ত Ⓒ প্রতিপদ Ⓓ সংক্রান্তি

**Ⓓ Solve** কৃষ্ণপক্ষের প্রথম তিথি- প্রতিপদ। মাসের শেষ-মাসান্ত। মাসের শেষ দিন- সংক্রান্তি।



CS CamScanner

26. মনু + ষ্ণ-এর মূল ভাব কোনটি?
Ⓐ মানব Ⓑ মানুষ Ⓒ মনুষ্য Ⓓ মনসা
Ⓐ Solve মনু + ষ্ণ = মানব (সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত)। এরকম গুরু + ষ্ণ = গৌরব, শিশু + ষ্ণ = শৈশব, মধু + ষ্ণ = মাধব।

27. বাগযন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি?
Ⓐ কণ্ঠনালী Ⓑ জিহ্বা Ⓒ তালু Ⓓ দাঁত
Ⓑ Solve ধ্বনি উচ্চারণ করত যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগযন্ত্র বলে। মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগযন্ত্রের অন্তর্ভুক্ত।

28. 'চৌঠা' কোন বাচক শব্দ?
Ⓐ অঙ্কবাচক Ⓑ তারিখবাচক Ⓒ পূরণবাচক Ⓓ গণনাবাচক
Ⓑ Solve 'চৌঠা'– তারিখবাচক ; 'চতুর্থ'–ক্রম বা পূরণবাচক ; ৪ – অঙ্কবাচক এবং 'চার' – গণনাবাচক শব্দ। নতুন ব্যাকরণ অনুসারে 'চৌঠা' তারিখ পূরণবাচক শব্দ।

29. শব্দের শেষে কোনটি যুক্ত হওয়ার পরে আর কিছু যুক্ত হয় না?
Ⓐ উপসর্গ Ⓑ প্রত্যয় Ⓒ প্রকৃতি Ⓓ বিভক্তি
Ⓑ Solve শব্দ বা ধাতুর পরে অর্থহীন যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়, সেগুলোকে প্রত্যয় বলে। উপসর্গ শব্দের প্রথমে যুক্ত হয় প্রকৃতি ও বিভক্তি শব্দের মাঝে যুক্ত হয়।

30. 'ভূষণ্ডির কাক' বাগ্‌ধারাটি কোন অর্থে ব্যবহৃত?
Ⓐ কপট Ⓑ বক ধার্মিক Ⓒ দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি Ⓓ সুসময়ের বন্ধু
Ⓒ Solve 'ভূষণ্ডির কাক' বাগ্‌ধারার অর্থ : দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি/দীর্ঘজীবী/অতিবৃদ্ধ ব্যক্তি/অন্যায়ভাবে দীর্ঘজীবী ব্যক্তি। অপরদিকে 'কাক ভূষণ্ডি' বাগ্‌ধারার অর্থ : সম্পূর্ণ ভেজা।

31. যে উপমায় উপমেয়, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ উপস্থিত থাকে তাকে কী বলা হয়?
Ⓐ মালোপমা Ⓑ লুপ্তোপমা Ⓒ প্রতিবস্তু উপমা Ⓓ পূর্ণোপমা
Ⓓ Solve যে উপমায় চারটি অঙ্গ–উপমেয়, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ প্রত্যক্ষভাবে বিদ্যমান থাকে, তাকে পূর্ণোপমা বলে। যেমন : 'কাকের চোখের মতো কালোচুল'– এখানে 'চুল'– উপমেয়, 'কাকের চোখ' – উপমান, 'কালো' – সাধারণ ধর্ম এবং 'মতো' – তুলনাবাচক শব্দ।

32. ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মানদণ্ডকে কী বলা হয়?
Ⓐ অক্ষর Ⓑ মাত্রা Ⓒ পর্ব Ⓓ যতি
Ⓑ Solve ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম একককে মাত্রা বলে। অর্থাৎ এক একটি অক্ষর উচ্চারণের নিম্নতম কাল পরিমাপকে মাত্রা বলা হয়। এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে অক্ষর বলে। কবিতা পাঠের সুবিধার্থে প্রতি ছত্রে এক বা একাধিক বিশ্রামস্থানকে যতি বলা হয়। যতির দ্বারা পর্ব নির্ণীত হয়। এক নিশ্বাসে চরণের যতটা অংশ উচ্চারণ করা যায়, ঐ অংশটুকু একটি পর্ব।

33. 'তদন্ত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
Ⓐ অনুশীলন Ⓑ আরজি Ⓒ নিরবশেষ Ⓓ প্রতিরূপীকরণ Ans Ⓒ

34. 'আহ্বান' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?
Ⓐ আওবান Ⓑ আহ্বান্ Ⓒ আহোব্বান Ⓓ আওভান্
Ⓓ Solve প্রমিত উচ্চারণ :

| শব্দ | প্রমিত উচ্চারণ | শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|---|---|
| অধ্যয়ন | ওদ্ধয়োন্ | অশ্লীল | অস্স্লিল্ |
| কল্যাণ | কোল্ল্যান্ | আহ্বায়ক | আওভায়োক্ |

35. 'কথায়পটু' কোন ধরনের সমাস
Ⓐ ব্যতিহার বহুব্রীহি Ⓑ প্রত্যয়ান্ত বহুব্রীহি
Ⓒ অলুক বহুব্রীহি Ⓓ মধ্যপদলোপী বহুব্রীহি
Ⓒ Solve পূর্বপদের বিভক্তি লোপ না পেয়ে যে বহুব্রীহি সমাস হয় তাকে অলুক বহুব্রীহি সমাস বলে। যেমন : কথায় পটু যে = কথায়পটু।

## ENGLISH

**Read the passage below and answer the questions that follow (questions 1-5):**

While many theories have been proposed about the function of dreams, no consensus has emerged. Considering the time we spend in a dreaming state, the fact that researchers do not yet understand the purpose of dreams may seem baffling. However, it is important to consider that science is still unravelling the exact purpose and function of sleep itself. Some researchers suggest that dreams serve no real purpose, while others believe that dreaming is essential to mental, emotional and physical well-being. Some researchers suggest that dreams are a subjective interpretation of signals generated by the brain during sleep. Dreams are not meaningless. Instead, during dreams the cognitive elements in our brain produce new ideas. One theory suggests that dreams are the result of our brains trying to interpret external stimuli during sleep. For example, the sound of the radio may be incorporated into the content of a dream.

01. The passage is about
Ⓐ the importance of sleep
Ⓑ understanding the purpose and function of dreams
Ⓒ Freud's interpretation of dreams
Ⓓ why our dreaming state is long
Ⓑ Explanation স্বপ্ন হচ্ছে ঘুমের সময় অভিজ্ঞতালব্ধ যে কোনো ছবি, চিন্তা এবং আবেগের অন্তর্ভুক্ত। এ অনুচ্ছেদটিতে স্বপ্নের উদ্দেশ্যে ও কার্যকারিতা অনুধাবন সম্পর্কে বলা হয়েছে।

02. The passage suggests that
Ⓐ science is still clueless about the real purpose of sleep
Ⓑ dreaming guarantees physical fitness
Ⓒ brains stop functioning when we sleep
Ⓓ dreams are meaningless
Ⓐ Explanation এ অনুচ্ছেদ হতে বোঝা যায় বিজ্ঞান এখনও ঘুমের যথার্থ উদ্দেশ্য এবং কার্যকারিতা সম্পর্কে সঠিক তথ্য উদঘাটন করতে ব্যর্থ।

03. By the 'cognitive elements' of our brain, the passage suggests,
Ⓐ the elements are connected to compassion and fellow-feeling
Ⓑ the sensuous elements stimulate desire
Ⓒ elements are connected to reasoning, learning and conceptualizing
Ⓓ elements directly affect one's spirituality
Ⓒ Explanation Cognitive element অর্থাৎ, সহজাত উপাদানসমূহ। আমাদের মস্তিষ্কের সহজাত উপাদানসমূহ আমাদের চিন্তাচেতনা, মানসিক, আবেগগত এবং শারীরিক সচেতনতার সাথে সম্পর্কযুক্ত।

04. The passage mentions a theory of dream that suggests that when we sleep, we receive stimuli from
Ⓐ our memory Ⓑ our desire
Ⓒ sources inside our body
Ⓓ sources that lie outside of the body
Ⓓ Explanation একটি তত্ত্ব বলে যে, স্বপ্ন হলো ঘুমের সময় বহিরাগত উদ্দীপনাকে ব্যাখ্যা করতে আমাদের মস্তিষ্কে যে চেষ্টা করে তার ফলাফল।

05. In place of the word 'unravelling' we can use
Ⓐ untangling Ⓑ entangling Ⓒ twisting Ⓓ ignoring
Ⓐ Explanation Unravelling (উদঘাটন) এর সমার্থক শব্দ untangling।

06. Have you ever —— to Canada?
Ⓐ being Ⓑ go Ⓒ went Ⓓ been
Ⓓ Explanation বাক্যটিতে Have এবং ever থাকায় present perfect tense (....been to Canada) হবে।



CamScanner

**07. I wish I — a child again.**
Ⓐ be Ⓑ am Ⓒ was Ⓓ were
Ⓓ Explanation বাক্যে wish/fancy থাকলে পরবর্তীতে past indefinite tense ব্যবহার করতে হয়। উল্লেখ্য, be verb হিসেবে সবসময় were বসে।

**08. The child — like an angel.**
Ⓐ sleeping Ⓑ sleep Ⓒ slept Ⓓ slipped
Ⓒ Explanation অর্থগতভাবে বাক্যটি present continuous (is sleeping) অথবা past indefinite (slept) এ হবে।

**09. The host was — the number of guests.**
Ⓐ count Ⓑ counted Ⓒ counting Ⓓ counts
Ⓒ Explanation অর্থগতভাবে বাক্যটি Past continuous tense (The host was counting ...) এ হবে।

**10. It is a bit risky to generalize — one set of results.**
Ⓐ off Ⓑ from Ⓒ in Ⓓ about
Ⓑ Explanation Generalize from something অর্থ কোনোকিছুকে সহজীকরণ বা পৃথকীকরণ; বিশেষ করে অনেকগুলোর মিশ্রণ হতে।

**11. Artists have been painting nature — centuries.**
Ⓐ since Ⓑ by Ⓒ after Ⓓ for
Ⓓ Explanation Present perfect/ Present perfect continuous tense এ অনির্দিষ্ট সময় বোঝাতে for বসে।

**12. The man died — hunger.**
Ⓐ of Ⓑ to Ⓒ about Ⓓ by
Ⓐ Explanation ক্ষুধা বা রোগে মারা যাওয়া অর্থে died of বসে।

**13. He has great affection — his grandchildren.**
Ⓐ to Ⓑ after Ⓒ with Ⓓ for
Ⓓ Explanation অনুরাগ/ভাবাবেগ থাকা অর্থে affection for বসে।

**14. Choose the correct sentence:**
Ⓐ Who belongs to the book? Ⓑ Whom does the book belong?
Ⓒ To who the book belongs? Ⓓ Who does the book belong to?
Ⓓ Explanation সঠিক বাক্য হবে- Who does the book belong to? অথবা To whom does the book belong? এ বইটি কার?

**15. Wisdom is better than strength. Here 'strength' is a/an**
Ⓐ proper noun Ⓑ abstract noun
Ⓒ adverbial noun Ⓓ collective noun
Ⓑ Explanation Abstract Noun হচ্ছে ভাববাচক/গুণবাচক বিশেষ্য। Strength একটি Abstract noun।

**16. "He who opens a school door, closes a prison," said by**
Ⓐ Victor Hugo Ⓑ Nelson Mandela
Ⓒ Martin Luther King Jr. Ⓓ Mother Teressa
Ⓐ Explanation এ বিখ্যাত উক্তিটি ফরাসি লেখক এবং রাজনীতিবিদ Victor Hugo করেছেন।

**17. Which is an appropriate passive form of the sentence 'They are organizing a search party'?**
Ⓐ A search party they have organized.
Ⓑ A search party is being organized by they.
Ⓒ A search party by them being organized.
Ⓓ A search party is being organized by them.
Ⓓ Explanation Present continuous tense-এর passive form - subject + am/is/are + being + v.p.p + by + object

**18. Which sentence maintains subject and verb agreement?**
Ⓐ Sumita and her brothers are at school.
Ⓑ Raqib, Salman or Sharmin have visits the park.
Ⓒ The man with the colorful birds live on Ddpmy street.
Ⓓ One of my uncles are going on a trip to Laos.
Ⓐ Explanation সাধারণত and দ্বারা যুক্ত একাধিক noun এর verb plural হয়।

**19. I will water the plants tomorrow. Here the word 'water' i[s]**
Ⓐ a noun Ⓑ a verb Ⓒ an adjective Ⓓ an adverb
Ⓑ Explanation বাক্যটিতে auxiliary verb, will এর পর water transiti[ve] verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

**20. Which one is correct in spelling?**
Ⓐ Etiquette Ⓑ Etiquite Ⓒ Atiqutte Ⓓ Atiquite
Ⓐ Explanation Etiquette বানানটি সঠিক যার অর্থ শিষ্টাচার, আদব-কায়দা ইত্যা[দি]

**21. Choose the right meaning of the idiom 'Hang fire'.**
Ⓐ Delay Ⓑ Cease Ⓒ Hang on Ⓓ Stop
Ⓐ Explanation Hang fire Idiom-টির অর্থ কোনো সিদ্ধান্ত নিতে দে[রি] করা। তাই এর সমার্থক শব্দ- delay।

**22. 'Orpheus' is related to**
Ⓐ legends Ⓑ indigenous Ⓒ myths Ⓓ folk
Ⓒ Explanation Orpheus শব্দটি myths (পৌরাণিক কাহিনী) এর স[াথে] সম্পর্কযুক্ত।

**23. Which one is not included in 'Types of Conflict'?**
Ⓐ Self conflict Ⓑ Value conflict
Ⓒ Power conflict Ⓓ Economic conflict
Ⓐ Explanation Textbook অনুযায়ী Conflict তিন প্রকার। যথা: Val[ue] conflict, Power conflict এবং Economic conflict; তাই S[elf] conflict এদের অন্তর্ভুক্ত নয়।

**24. A warrior — his world with the people he loves.**
Ⓐ encourage Ⓑ throws Ⓒ shares Ⓓ growing
Ⓒ Explanation একজন warrior (of light) তার নিজস্ব/চারপা[শের] লোকজনের সাথে সবকিছু share করে।

**25. Which one is a correct sentence?**
Ⓐ The sun is a star. Ⓑ Sun is a star.
Ⓒ The sun is star. Ⓓ Sun is star.
Ⓐ Explanation একক কোনো বস্তুকে (sun) বোঝাতে এদের পূর্বে T[he] ব্যবহৃত হয়।

**26. Which sentence does not have a misplaced modifier?**
Ⓐ While still a girl, I went to the fair with my father.
Ⓑ While still a girl, my father sent me to the fair.
Ⓒ While still a girl, my father went to the fair with me.
Ⓓ While still a girl, the fair went with my father and me.
Ⓐ Explanation যদি কোনো modifier, subject টিকে modify না ক[রে] অন্য কিছুকে modify করে, তাকে misplaced modifier বলে। Opti[on] B, C, D তে modifier এর misplaced হয়েছে। কেবলমাত্র Option A [তে] modifier এর সঠিক ব্যবহার হয়েছে।

**27. Which one is correct in spelling?**
Ⓐ Personel Ⓑ Personale Ⓒ Personnel Ⓓ Personnal
Ⓒ Explanation সঠিক বানান Personnel যার অর্থ কর্মীবৃন্দ (staf[f], workers ইত্যাদি)।

**28. You have made your bed and now you may — on it.**
Ⓐ lie Ⓑ lay Ⓒ lain Ⓓ laid
Ⓐ Explanation May/can এর পর verb এর base form বসবে। Lie ' শয়ন করা।

**29. The setting of the story "A Mother in Mannville" is in th[e]**
Ⓐ Summer Ⓑ Autumn Ⓒ Winter Ⓓ Fall
Ⓒ Explanation A Mother in Mannville গল্পটিতে winter season [এর] কথা উল্লেখ আছে।

**30. Which one of the pairs shows a similar relationship Water : Bottle?**
Ⓐ Balloon : Sky Ⓑ Doctor : Hospital
Ⓒ Pen : Ink Ⓓ Milk : Cup
Ⓓ Explanation Bottle এ যেহেতু water থাকে সে হিসেবে cup-এ Milk থা[কে]



CamScanner

31. He replied that he would come. The underlined part of the sentence is a/an
Ⓐ noun clause Ⓑ adverb clause
Ⓒ relative clause Ⓓ adjective clause
Ⓐ Solve বাক্যটিতে he would come clause টি object হিসেবে বসে noun clause এর কাজ করছে।

32. The word 'emancipation' means
Ⓐ manifestation Ⓑ liberation Ⓒ participation Ⓓ expectation
Ⓑ Explanation Emancipation (n) দাসত্ব বা বন্ধন মোচন, স্বাধীনতা। এর synonym হচ্ছে- liberation, release, freedom ইত্যাদি।

33. A disease that affects a large number of people within a community is called
Ⓐ pandemic Ⓑ paramedic Ⓒ infection Ⓓ epidemic
Ⓓ Solve যখন কোনো মহামারী কোনো সম্প্রদায়ের/নির্দিষ্ট এলাকার মধ্যে ছড়িয়ে পড়ে তখন তাকে epidemic বলে।

34. The adjective of the word 'Mountain' is
Ⓐ mounting Ⓑ mountainly Ⓒ mountainous Ⓓ mountany
Ⓒ Solve Mountain এর adjective form- mountainous।

35. Which word is wrongly spelt?
Ⓐ Reminiscence Ⓑ Receive Ⓒ Reciept Ⓓ Recede
Ⓒ Solve Reciept শব্দটির সঠিক বানান Receipt হয়েছে।

## সাধারণ জ্ঞান

01. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
Ⓐ ৫.১০ কিমি Ⓑ ৬.১৫ কিমি Ⓒ ৭.০৯ কিমি Ⓓ ৮.১১ কিমি
Ⓑ Solve বাংলাদেশের দীর্ঘতম সেতু পদ্মা বহুমুখী সেতু, যার দৈর্ঘ্য ৬.১৫ কি.মি. এবং প্রস্থ ১৮.১০ মি.। এতে ৪১টি স্প্যান আছে এবং ৪২টি পিলার আছে। পদ্মা সেতুর বিশেষজ্ঞ প্যানেলের সভাপতি ছিলেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী। ২৫ জুন ২০২২ সেতুটির উদ্বোধন করা হয়।

02. 'সবার জন্য শিক্ষা' স্লোগানটি কোথায় মুদ্রিত আছে?
Ⓐ এক টাকার নোটে Ⓑ দুই টাকার নোটে
Ⓒ পাঁচ টাকার মুদ্রায় Ⓓ দুই টাকার মুদ্রায়
Ⓓ Solve "সবার জন্য শিক্ষা" স্লোগানটি দুই টাকার মুদ্রায় মুদ্রিত আছে। এই মুদ্রাটি ১৯৮৮ সালে ২৯ ডিসেম্বর সর্বপ্রথম বাজারে ছাড়া হয়। সরকারি নোট হলো ১,২,৫ টাকার নোটগুলো যাতে অর্থ সচিবের স্বাক্ষর থাকে। বাকী সব ব্যাংক নোট যাতে বাংলাদেশ ব্যাংকের গভর্নর এর স্বাক্ষর থাকে।

03. 'মুজিব শতবর্ষ' লোগোর নকশাকার কে?
Ⓐ হাশেম খান Ⓑ সব্যসাচী হাজরা Ⓒ মুস্তফা মনোয়ার Ⓓ শিশির ভট্টাচার্য
Ⓑ Solve 'মুজিব শতবর্ষ' লোগোর নকশাকার সব্যসাচী হাজরা। কার্টুন মীনা মুস্তফা মনোয়ারের অপর সৃষ্টি। দ্বিতীয় সাফ গেমসের 'মিশুক' এর রূপতিও তিনি।

04. কোনটি করোনা ভাইরাসের ভ্যারিয়েন্ট নয়?
Ⓐ ডেল্টা Ⓑ মিউ Ⓒ অমিক্রন Ⓓ জিটা
Solve সবগুলো প্রশ্নে অপশন এই করোনা ভাইরাসের ভ্যারিয়েন্ট। করোনা ভাইরাস ১৯৬০ এর দশকে প্রথম আবিষ্কৃত হয়। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর চীনের উহান শহরে করোনা ভাইরাসের একটি প্রজাতির সংক্রমণ শুরু হয়। বাংলাদেশে ৮ মার্চ ২০২০ প্রথম করোনা ভাইরাস সনাক্ত করা হয়। এর প্রধান ভেরিয়েন্টগুলো হলো : আলফা, বিটা, গামা, ডেল্টা, অমিক্রন, জিটা, মিউ।

05. ডনবাস কী?
Ⓐ রাশিয়ার একটি পারমাণবিক স্থাপনা Ⓑ ইউক্রেনের প্রধান সমুদ্রবন্দর
Ⓒ ইউক্রেন ও পোল্যান্ডের বিরোধপূর্ণ অঞ্চল
Ⓓ ইউক্রেন ও রাশিয়ার মধ্যকার একটি যুদ্ধক্ষেত্র
Ⓓ Solve ডনবাস ইউক্রেনের দক্ষিণ-পূর্বে অবস্থিত অর্থনৈতিক ও সাংস্কৃতিকভাবে গুরুত্বপূর্ণ একটি অঞ্চল। দোনেস্ক ও লুহানস্ক নামক দুটি অঞ্চল একত্রে ডনবাস বলা হয়। এ অঞ্চলের অধিকাংশ বসবাসকারীরা রুশ ভাষী।

06. ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে কোন জাতীয়তাবাদ মুখ্য ভূমিকা পালন করেছিল?
Ⓐ বাংলাদেশি Ⓑ বাঙালি Ⓒ ধর্মীয় Ⓓ সাংস্কৃতিক
Ⓑ Solve ৫২'র ভাষা আন্দোলন ও ৬৯'র গণঅভ্যুত্থান বাঙালি জাতীয়তাবাদকে জন্ম দান করে। সে চেতনায় উদ্বুদ্ধ হয়ে ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। বর্তমানে আমরা জাতি হিসেবে বাঙালি এবং জাতীয়তা বাংলাদেশি।

07. অসাম্প্রদায়িক মূল্যবোধের প্রধান নিয়ামক কোনটি?
Ⓐ ধর্ম ও বর্ণের নির্বিশেষতার প্রয়োগ নেই Ⓑ সকল মানুষ সমান
Ⓒ মানুষ সামাজিক জীব Ⓓ আইনের শাসন
Ⓐ Solve সাংবিধানিকভাবে বাংলাদেশ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। সংবিধানের ১২নং অনুচ্ছেদের মূলনীতিতে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের কথা বলা হয়েছে। অসাম্প্রদায়িক মূল্যবোধ বলতে সকল ধর্ম, বর্ণ ও সম্প্রদায়ের মানুষের সহাবস্থানের অধিকারকে বোঝায়।

08. সামাজিক অসমতার প্রাতিষ্ঠানিক প্রকাশরূপ হলো-
Ⓐ সামাজিক স্তরবিন্যাস Ⓑ সামাজিক গতিশীলতা
Ⓒ সামাজিক সমস্যা Ⓓ অনুক্রম
Ⓐ Solve সামাজিক স্তরবিন্যাস হলো সমাজ কর্তৃক প্রতিষ্ঠিত গুরুত্বপূর্ণ সূচক অনুসারে সমাজের মানুষকে মর্যাদার ভিত্তিতে বিভক্ত করা। এই স্তরবিন্যাস সমাজ নির্দিষ্টভাবে গড়ে লালন করে এবং মেনে চলে। স্তরবিন্যাস চার প্রকারের:
১. দাস প্রথা ২. সামন্ত প্রথা ৩. সামাজিক শ্রেণি ৪. বর্ণ প্রথা

09. প্রতিটি সংঘের নির্দিষ্ট নাম ও — থাকে।
Ⓐ ঠিকানা Ⓑ প্রতীক Ⓒ উদ্দেশ্য Ⓓ গোষ্ঠী
Ⓒ Solve ম্যাকাইভার ও পেজ বলেন, এক বা একাধিক উদ্দেশ্য সাধনের জন্য কোনো গোষ্ঠী যখন একত্রিত হয় তখন তাকে সংঘ বা Association বলে। যেমন : ছাত্র শ্রমিক ইউনিয়ন।

10. শিল্পায়ন ও নগরায়নের ফলে কোন ধরনের পরিবার গড়ে ওঠে?
Ⓐ যৌথ পরিবার Ⓑ বর্ধিত পরিবার Ⓒ অণু পরিবার Ⓓ পিতৃতান্ত্রিক পরিবার
Ⓒ Solve • অবিবাহিত সন্তান-সন্ততি নিয়ে বা শুধু স্বামী ও স্ত্রী যে পরিবার গঠন করে তাই অণু পরিবার।
• মা-বাবা, চাচা-চাচি, ভাই-বোন নিয়ে যে পরিবার গঠিত হয় তাকে যৌথ পরিবার বলে।
• বর্ধিত পরিবার : দাদা-দাদি, মা-বাবা, চাচা-চাচি এবং সন্তান সন্ততিসহ অন্যান্য পরিজন নিয়ে গঠিত পরিবারকে বর্ধিত পরিবার বলে।
• পিতৃতান্ত্রিক পরিবার : যে পরিবারের প্রধান পিতা বা যেকোনো একজন পুরুষ তাকে পিতৃতান্ত্রিক পরিবার বলে। এ পরিবারে পিতার সম্পত্তির অধিকারী হয় পুত্র।

11. কার্ল মার্কসের সামাজিক স্তরবিন্যাস তত্ত্বের ভিত্তি কী?
Ⓐ আদর্শবাদ Ⓑ সামাজিক সংহতি Ⓒ অর্থনীতি Ⓓ আদর্শ-নমুনা
Ⓒ Solve কার্ল মার্ক্স সামাজিক স্তরবিন্যাস বলতে বুঝিয়েছেন অর্থনৈতিক অবস্থার ভিত্তিতে মানুষের মধ্যকার বিভাজন। তিনি একজন জার্মান দার্শনিক, তিনি শ্রেণি সংগ্রাম তত্ত্বের প্রবক্তা। তার বিখ্যাত গ্রন্থ-Das Kapital, The Communist Manifesto।

12. কোন লেখকদ্বয়ের লেখনী ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেছিল?
Ⓐ প্লেটো ও রুশো Ⓑ প্লেটো ও এরিস্টটল
Ⓒ রুশো ও ভলতেয়ার Ⓓ শেক্সপিয়র ও ভলতেয়ার
Ⓒ Solve ফরাসি বিপ্লব (১৭৮৯-১৭৯৯) ১৪ জুলাই ১৭৮৯ বাস্তিল দুর্গের পতনের মধ্য দিয়ে শুরু হয়। ফরাসি বিপ্লবের মূলমন্ত্র হলো 'সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্ব'। এই স্লোগানের প্রবক্তা রুশো। তার বিখ্যাত উক্তি 'Man is born free, but everywhere he is in chain'। ভলতেয়ারের প্রকৃত নাম : ফ্রঁসোয়া মারি আরুয়ে। তার বিখ্যাত রচনা Candide।

13. বঙ্গভঙ্গ-এর প্রতিক্রিয়ায় গড়ে ওঠা আন্দোলনের নাম কী?
Ⓐ খেলাফত আন্দোলন Ⓑ অসহযোগ আন্দোলন
Ⓒ ওয়াহাবি আন্দোলন Ⓓ স্বদেশি আন্দোলন
Ⓓ Solve লর্ড কার্জন ১৬ অক্টোবর ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকর করেন। বঙ্গভঙ্গের ফলে : পূর্ববঙ্গ ও আসাম নামে নতুন প্রদেশ সৃষ্টি হয়। বঙ্গভঙ্গের প্রতিবাদে কলকাতার হিন্দুরা স্বদেশি আন্দোলন শুরু করে যার মূল কথা বিদেশি পণ্য বর্জন। সম্রাট পঞ্চম জর্জ ১৯১১ সালে ১২ ডিসেম্বর বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন।



CamScanner

**14. চরমপত্র কী?**
Ⓐ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠান
Ⓑ বিবিসি থেকে প্রচারিত অনুষ্ঠান
Ⓒ বাংলাদেশ টেলিভিশন থেকে সম্প্রচারিত অনুষ্ঠান
Ⓓ রেডিও পাকিস্তান থেকে প্রচারিত অনুষ্ঠান

Ⓐ Solve ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের মনোবল বাড়ানোর জন্য স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে এম আর আখতার মুকুল চরমপত্র অনুষ্ঠানটি পরিচালনা করতেন। ২৫ মে ১৯৭১ থেকে শুরু হওয়া চরমপত্র এর রচয়িতা, কণ্ঠদাতা ও পরিচালক হলেন এম আর আখতার মুকুল।

**15. রাজনৈতিক স্বাধীনতার সঠিক উদাহরণ কোনটি?**
Ⓐ শিক্ষা লাভ Ⓑ ভোটদান Ⓒ পরিবার গঠন Ⓓ চাকুরি প্রাপ্তি

Ⓑ Solve • রাজনৈতিক স্বাধীনতাগুলো হলো :
১. ভোটদান ২. প্রার্থীতা ৩. নিরপেক্ষ মতামত প্রকাশ ৪. সরকারি চাকুরি
নাগরিক নয় এমন কোনো ব্যক্তি বা কোনো বিদেশি রাজনৈতিক স্বাধীনতাগুলো ভোগ করতে পারবে না।

**16. বেঙ্গল প্যাক্ট কী?**
Ⓐ একটি চুক্তি Ⓑ রাজনৈতিক দল Ⓒ কারখানার নাম Ⓓ একটি বিশ্ববিদ্যালয়

Ⓐ Solve অসাম্প্রদায়িক ও উদারমনের রাজনীতিবিদ চিত্তরঞ্জন দাস ১৯২৩ সালে বেঙ্গল প্যাক্ট চুক্তি করেন হিন্দু-মুসলমানদের মধ্যে ঐক্য ও সাম্প্রদায়িক সম্প্রীতি স্থাপনের জন্য। তিনি দেশবন্ধু উপাধি লাভ করেন।

**17. টেরাকোটা কী?**
Ⓐ মাটির ফলক Ⓑ পোড়ামাটির ফলক Ⓒ লাল ইট Ⓓ প্লাস্টিক সামগ্রী

Ⓑ Solve টেরা অর্থ মাটি, কোটা অর্থ পোড়ানো। সুতরাং টেরাকোটা হলো পোড়া মাটির ফলক। হাজার বছর পূর্ব হতে বাংলায় এ শিল্প প্রচলিত। শালবন বিহার, মহাস্থানগড়, কান্তজিউ মন্দিরে টেরাকোটার প্রাচীন নিদর্শন পাওয়া যায়।

**18. কোন ব্যাখ্যা ব্যক্তি ভেদে সর্বদা ভিন্ন হয়?**
Ⓐ সাধারণ Ⓑ লৌকিক Ⓒ বৈজ্ঞানিক Ⓓ যথার্থ

Ⓐ Solve • লৌকিক ব্যাখ্যা অর্থ প্রচলিত ব্যাখ্যা, যা অনেকদিন থেকেই চলে আসছে।
• বৈজ্ঞানিক ব্যাখ্যা অর্থ বৈজ্ঞানিকভাবে পরীক্ষিত কোনো পরীক্ষার ব্যাখ্যা।
• যথার্থ ব্যাখ্যা অর্থ যা সঠিক তাই বলা।
• সাধারণ ব্যাখ্যা অর্থ ব্যক্তি বিশেষের আলাদা আলাদা নিজস্ব ব্যাখ্যা। সাধারণ ব্যাখ্যা ছাড়া বাকিগুলো ভিন্ন হতে পারে না।

**19. যুক্তিবিদ্যা যার সঠিকতা নিয়ে ব্যাপৃত থাকে তা হলো–**
Ⓐ আচরণ Ⓑ ধারণা Ⓒ চিন্তা Ⓓ কল্পনা

Ⓒ Solve যুক্তিবিদ্যা চিন্তার সঠিকতা নিয়ে ব্যাপৃত আছে। যুক্তিবিদ্যার জনক এরিস্টটল।

**20. সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত কত?**
Ⓐ ৫ : ১১ Ⓑ ১২ : ৬ Ⓒ ১১ : ৫ Ⓓ ১১ : ৬

Ⓐ Solve চাঁদ ও সূর্যের আকর্ষণের কারণে জোয়ার ভাটা হয়। চাঁদ পৃথিবীর নিকটে অবস্থিত হওয়ার কারণে সূর্য অপেক্ষা পৃথিবীতে চাঁদের আকর্ষণ বেশি অনুভূত হয়। সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত ৫ঃ১১। অমাবস্যা ও পূর্ণিমাতে ভরা কটাল হয়।

**21. এল নিনো ঘটাতে পারে–**
Ⓐ কাদা ধস Ⓑ বন্যা Ⓒ খরা Ⓓ সবগুলোই

Ⓓ Solve স্প্যানিশ শব্দ এল নিনো এর অর্থ ছোট্ট বালক। ভূগোলে এর অর্থ উত্তর থেকে দক্ষিণে প্রবাহিত উষ্ণ বাতাসকে বোঝায়, যার প্রভাবে প্রশান্ত মহাসাগরের পূর্ব উপকূলে ঝড়বৃষ্টি, বন্যার এবং পশ্চিম উপকূলে খরার প্রাদুর্ভাব ঘটে।

**22. তিস্তা নদীর উৎপত্তিস্থল কোথায়?**
Ⓐ লুসাই পর্বত Ⓑ মানোস সরোবর Ⓒ খাগড়াছড়ি পর্বত Ⓓ সিকিম পর্বত

Ⓓ Solve তিস্তা নদী সিকিমের পার্বত্য অঞ্চলে উৎপত্তি লাভ করে নীলফামারী জেলার মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করে কুড়িগ্রামের চিলমারীতে ব্রহ্মপুত্র নদের সাথে মিলিত হয়। তিস্তা নদী ব্রহ্মপুত্র নদের উপনদী।

**23. পণ্যের দাম স্থিতিস্থাপকতার নির্ধারক (Determinant) নয় কোনটি/**
Ⓐ পণ্যের প্রকৃতি Ⓑ পণ্য ক্রয়ে আয়ের আনুপাতিক ব্যয়
Ⓒ পণ্যে বিক্রেতার সংখ্যা Ⓓ পণ্যের বিকল্প ও পরিপূরকের পর্যাপ্ততা

Ⓒ Solve অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দামের পরিবর্তনের সাথে চাহিদার পরিবর্তনের হারকে দাম স্থিতিস্থাপকতা বলে। দাম স্থিতিস্থাপকতার নির্ধারকসমূহ :
১. দ্রব্যের প্রকৃতি ২. বিকল্প ও পরিপূরক দ্রব্যের উপস্থিতি
৩. ভোক্তার অভ্যাস ও আয়ের পরিমাণ ৪. দ্রব্যের দাম।

**24. কোনটি প্রধান সামষ্টিক অর্থনৈতিক চলক নয়?**
Ⓐ জিডিপি প্রবৃদ্ধির হার Ⓑ বেকারত্বের হার
Ⓒ মুদ্রাস্ফীতির হার Ⓓ স্বয়ম্ভূত বিনিয়োগ

Ⓓ Solve ১৯৩৩ সালে রাগনার ফ্রিশ অর্থনীতিকে দুটি ভাগে বিভক্ত করেন। ১. ব্যষ্টিক অর্থনীতি ২. সামষ্টিক অর্থনীতি। অর্থনীতি আওতাভুক্ত কোনো বিষয়কে যখন সামগ্রিক বা জাতীয় পর্যায়ে বিশ্লেষণ করা হয়, তখন তাকে সামষ্টিক অর্থনীতি বলে। যেমন : সামগ্রিক চাহিদা, সামগ্রিক যোগান।

**25. ভোগ অপেক্ষক $C = a + bY_D$ এর মান কত হতে পারে?**
Ⓐ – ১ Ⓑ ০.৭ Ⓒ ৩ Ⓓ ∞

Ⓓ Solve অনান্য অবস্থা অপরিবর্তিত থাকলে ভোগ শুধু আয়ের উপর নির্ভরশীল অর্থ্যাৎ আয় বাড়লে ভোগ বাড়ে আয় কমলে ভোগ কমে, একে ভোগ অপেক্ষক বলে।
ভোগ অপেক্ষক $C = a + bY_D$ যা অসীম।
এখানে C = ভোগ ব্যয়, আয় = yd, b = ভোগ অপেক্ষক ঢাল।

**26. অর্থনীতিতে 'দীর্ঘকাল' বলতে কী বুঝায়?**
Ⓐ ১ বছরের কম সময় Ⓑ ১০ বছরের বেশি সময়
Ⓒ যে সময়কালে উৎপাদনের সব উপকরণই পরিবর্তনশীল
Ⓓ যে সময়কালে কমপক্ষে ১টি উপকরণ পরিবর্তনশীল

Ⓒ Solve অর্থনীতিতে স্বল্পকাল বলতে স্বল্প সময়কে বোঝায় না, বরং সেই সময়কালকে বোঝায় যে সময়কালে উৎপাদনের সব উপকরণ অপরিবর্তিত থাকে। অপরদিকে দীর্ঘকাল বলতে বোঝায় যে সময়কালে উৎপাদনের সব উপকরণই পরিবর্তনশীল।

**27. জিডিপি (GDP) তে কোনটি অন্তর্ভুক্ত?**
Ⓐ গৃহিণীর গৃহস্থালির কাজ Ⓑ রপ্তানীকৃত পণ্য হতে অর্জিত অর্থ
Ⓒ অবৈধ ব্যবসা হতে উৎসারিত আয় Ⓓ রেমিটেন্স (Remittance)

Ⓑ Solve GDP বলতে Gross Domestic Product বোঝায়। কোনো নির্দিষ্ট সময়ে দেশের অভ্যন্তরে দেশীয় ও বিদেশিদের দ্বারা উৎপাদিত দ্রব্য ও সেবার বাজার মূল্য হতে দেশীয় নাগরিক কর্তৃক বিদেশ হতে প্রেরিত অর্থ বাদ দিলে যা থাকে, তাকে মোট দেশজ উৎপাদন বা জিডিপি বলে।

**28. কম্পিউটার চালু হওয়ার সময় কোনটি প্রথমে ব্যবহৃত হয়?**
Ⓐ Cache Ⓑ RAM Ⓒ DRAM Ⓓ ROM

Ⓓ Solve কম্পিউটার চালু হওয়ার পর কম্পিউটার তার মাদারবোর্ডের চিপে থাকা ফার্মওয়্যার এর BIOS রান করে। BIOS বলতে Basic Input Output System বোঝায়। ROM একটি ফার্মওয়্যার যা কম্পিউটার চালু হওয়ার পর প্রথম ব্যবহৃত হয়। ROM→ Read Only Memory।

**29. Google Drive কী ধরনের স্টোরেজ?**
Ⓐ প্রাইমারি Ⓑ নেটওয়ার্ক Ⓒ ক্লাউড Ⓓ ভোলাটাইল

Ⓒ Solve Google Drive, Google Corporation কর্তৃক তৈরি করা একটি ক্লাউড স্টোরেজ যা ২৪ এপ্রিল ২০১২ থেকে এর কার্যক্রম পরিচালনা করছে।

**30. বাংলা ভাষাকে কম্পিউটারে অন্তর্ভুক্ত করার জন্য কোন কোডটি ব্যবহার হয়?**
Ⓐ UNICODE Ⓑ ASCII Ⓒ BCD Ⓓ BARCODE

Ⓐ Solve UNICODE এর পূর্ণরূপ Universal Code যা বিশ্বের সকল ভাষাকে কম্পিউটারের কোড ভুক্ত করে, তাই একে সার্বজনীন কোডও বলা হয়। এটি ১৬ বিটের কোড যা $২^{১৬}$ = ৬৫৫৩৬টি অদ্বিতীয় বিন্দুকে নির্দিষ্ট করতে পারে। ১৯৯১ সালে Apple Computer Corporation এবং Xerox Corporation যৌথভাবে ইউনিকোড তৈরি করে।



CamScanner

# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা : ২০২০-২১
## ইউনিট- B [মানবিক শাখা]: সেট- ১

## English

**Read the passage below and answer the questions that follow: (questions 1-5)**

Today there are nearly 8 billion people living in the world and every year the number is increasing. Feeding their fast-growing populations is one of the biggest challenges for most countries in Africa and Asia. .Scientists, agricultural experts, and planners have to discover new ways to produce more food. One possible way is to bring more land under cultivation. This can be done only in places where there is a lot of land not used for agriculture. In many countries, however, arable land is scarce and whatever is available is needed for other purposes— for example, expanding cities and setting up industries. A second way is to make use of new types of seeds to produce more food. Already a number of new strains of paddy and wheat have been developed in different parts of the world.

**01. Choose a suitable title for the passage from the following options:**
Ⓐ The problem of global population growth
Ⓑ How to feed a fast-growing population
Ⓒ The new varieties of crops
Ⓓ The disappearance of arable lands

Ⓑ Explanation উপযুক্ত passage টিতে লেখক বিশ্বের ক্রমবর্ধমান জনসংখ্যা ও এ বিরাট জনসংখ্যার জন্য প্রয়োজনীয় খাদ্য সরবরাহের বিভিন্ন উপায় নিয়ে কথা বলেছেন।

**02. The passage implies that—.**
Ⓐ there is no scarcity of arable lands in Asia and Africa
Ⓑ more land is available for wheat cultivation
Ⓒ it is possible to discover new strains of paddy and wheat
Ⓓ every year, the population of the world is increasing by 8 billion.

Ⓒ Explanation লেখক খাদ্য সংকট নিরসনে দুটি উপায় ব্যাখ্যা করেন। তন্মধ্যে, ২য় উপায়টি হলো ধান ও গমের (দুটি প্রধান খাদ্য শস্য) নতুন নতুন জাত উদ্ভাবন করা।

**03. In the passage, the word "planners" refers to those connected with —.**
Ⓐ city planning  Ⓑ land management
Ⓒ industrial planning  Ⓓ agriculture

Ⓓ Explanation 'Planners' (পরিকল্পনাকারী) বলতে লেখক মূলত কৃষি ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গের কথাই বুঝিয়েছেন।

**04. According to the passage, an effective way to face the challenge of food shortage is by —.**
Ⓐ helping agricultural scientists to produce new types of seeds
Ⓑ stopping cities from expanding
Ⓒ reducing population growth
Ⓓ creating more agricultural farms

Ⓐ Explanation Passage – অনুসারে খাদ্য ঘাটতি নিরসনে লেখক নতুন নতুন বীজ উৎপাদনের কথা বলেছেন।

**05. The word "arable" means —.**
Ⓐ arid  Ⓑ cultivable  Ⓒ available  Ⓓ wet

Ⓑ Explanation Arable অর্থ চাষযোগ্য (জমি) অর্থাৎ cultivable.

**Fill in the blanks with appropriate words (6-8) :**

**06. The policeman asked the victim of a theft, "What did you —?"**
Ⓐ loose  Ⓑ lose  Ⓒ loss  Ⓓ louse

Ⓑ Explanation Lose – lost – lost – হারানো। What did you lose? – তুমি কী হারিয়েছ?

**07. He made his children — their homework every afternoon.**
Ⓐ doing  Ⓑ to do  Ⓒ do  Ⓓ done

Ⓒ Explanation Make sb do sth – কাউকে দিয়ে কোনো কিছু করিয়ে নেওয়া।

**08. I always carry an umbrella in case it —.**
Ⓐ rain  Ⓑ rains  Ⓒ is raining  Ⓓ will rain

Ⓑ Explanation বাক্যের অর্থ : আমি সব সময় ছাতা সঙ্গে রাখি, যদি (incase) বৃষ্টি হয়।

**09. Which is the correct translation of "যারা অলস, তারা চিরকাল পেছনে পড়ে থাকে"?**
Ⓐ Those who are lazy are always at the back
Ⓑ Those who are lazy are always left behind
Ⓒ The lazy ones are always late
Ⓓ Those who are lazy are at the back forever

Ⓑ Explanation Those who – যারা, left behind – পেছনে পড়ে থাকা।

**Which of the following sentences is correct? (10-11)**

**10.** Ⓐ She accused the man of stealing her phone.
Ⓑ She accused the man for stealing her phone.
Ⓒ She accused the man by stealing her phone.
Ⓓ She accused the man to steal her phone.

Ⓐ Explanation Accuse sb of sth – কাউকে কোনো কিছুতে অভিযুক্ত করা।

**11.** Ⓐ Amin, as well as Suman, wants to play in the team.
Ⓑ Amin, as well as Suman, want to play in the team.
Ⓒ Amin, as well as Sumon, both want to play in the team.
Ⓓ Amin, as well as Sumon, wanting to play in the team.

Ⓐ Explanation As well as, in addition to, with/along with etc. দ্বারা দুটি noun যুক্ত হলে ১ম noun অনুযায়ী verb নির্ধারিত হয়।

**12. Choose the pair that best expresses the relationship similar to the one given in capital letters: TREE: ROOT**
Ⓐ Building: Foundation  Ⓑ Shirt: Sleeve
Ⓒ Entrance: Exit  Ⓓ Engine: Automobile

Ⓐ Explanation গাছের মূলভিত্তি যেমন শিকড় (root), তেমনি building এর মূলভিত্তি foundation.

**13. Find the correctly spelt word.**
Ⓐ Acommodation  Ⓑ Accomodaton
Ⓒ Accommodation  Ⓓ Acomodation

Ⓒ Explanation সঠিক বানান- Accommodation (আবাসন)।

**Choose the correct form of verb (questions 14-17)**

**14. I don't know who — the chair.**
Ⓐ breaks  Ⓑ broke  Ⓒ breaking  Ⓓ break

Ⓑ Explanation অর্থানুযায়ী শুন্যস্থানে broke (past) হবে। অর্থাৎ, আমি জানিনা কে চেয়ারটি ভেঙেছিল (broke)।

**15. My mother —— TV news every night.**
Ⓐ is watching  Ⓑ watched  Ⓒ watches  Ⓓ watch

Ⓒ Explanation Every night/week/year/day etc. থাকলে বাক্যটি সাধারণত present indefinite হয়।



CamScanner

**16. Himu is not here, he is out —— his uncle.**
Ⓐ visited Ⓑ visiting Ⓒ is visiting Ⓓ visits
Ⓑ Explanation Be out doing sth - কোনো কিছু করার উদ্দেশ্যে বাইরে যাওয়া।

**17. I never —— Chumki anymore.**
Ⓐ see Ⓑ seen Ⓒ seeing Ⓓ was seen
Ⓐ Explanation বাক্যে Never ever থাকলে সেটা present perfect tense হয়। কিন্তু অর্থানুযায়ী এটি Present indefinite tense (আমি চুমকিকে আর কখনই দেখি নাই) তাই see হবে।

**Select the appropriate prepositions: (18-21)**

**18. Green tea is a good alternative —— coffee.**
Ⓐ for Ⓑ to Ⓒ then Ⓓ of
Ⓑ Explanation Alternative to – বিকল্প।

**19. The shops here are open —— 10 am to 8 pm.**
Ⓐ for Ⓑ on Ⓒ at Ⓓ from
Ⓓ Explanation কোনো স্থান বা সময় থেকে শুরু করা বা হওয়া অর্থে Preposition from হয়।

**20. I cannot put —— with his insolence.**
Ⓐ out Ⓑ up Ⓒ in Ⓓ through
Ⓑ Explanation Put up with – সহ্য করা (tolerate)।

**21. I ran —— Nehal at the store.**
Ⓐ into Ⓑ in Ⓒ at Ⓓ with
Ⓐ Explanation Run into sb – হঠাৎ কারো সাথে সাক্ষাৎ হওয়া।

**Choose the correct options (22-26)**

**22. My uncle, who is a cardiac surgeon, deals with —— .**
Ⓐ kidney patients Ⓑ heart patients
Ⓒ patients with eye problems Ⓓ liver patients
Ⓑ Explanation Deal in + something অর্থ ব্যবসা করা। অন্যদিকে deal with + somebody অর্থ আলোচনা করা।

**23. "Everyone has the right to a nationality." Here nationality means —.**
Ⓐ nationalism
Ⓑ race
Ⓒ the status of belonging to a particular nation
Ⓓ diaspora
Ⓒ Explanation Nationality – জাতীয়তা, অর্থাৎ নির্দিষ্ট কোনো জাতির অন্তর্ভুক্ত হওয়ার মর্যাদা যা সংবিধান কর্তৃক স্বীকৃত।

**24. "Hospitable" means —.**
Ⓐ hostile Ⓑ friendly Ⓒ hospitalized Ⓓ haughty
Ⓑ Explanation Hospitable অর্থ অতিথি পরায়ণ/বন্ধু বৎসল (friendly)।

**25. A herd of cows —— grazing in the field.**
Ⓐ was Ⓑ were Ⓒ have been Ⓓ are
Ⓐ Explanation Subject অংশে preposition থাকলে preposition'র পূর্বের word অনুযায়ী (এখানে herd) verb বসে।

**26. I had to run to —— the rickshaw.**
Ⓐ keep to Ⓑ keep up Ⓒ keep up with Ⓓ keep into
Ⓒ Explanation Keep up with sth – কোনো কিছুর সাথে তাল মিলিয়ে চলা।

**Choose the meaning of the idiom (questions 27-28)**

**27. Under the weather —.**
Ⓐ Slightly unwell Ⓑ In bad weather
Ⓒ In rainy weather Ⓓ Feeling happy
Ⓐ Explanation Under the weather অর্থ অসুস্থ বোধ করা (feel unwell)।

**28. Pull someone's leg —.**
Ⓐ Punish someone Ⓑ Stretch someone's injured leg
Ⓒ Fool or trick someone Ⓓ Make life difficult for someone
Ⓒ Explanation Pull sb's leg – কাউকে বোকা বানানো/তামাশা করা।

**29. Intra-personal conflict occurs —.**
Ⓐ between colleagues Ⓑ between friends
Ⓒ within an individual Ⓓ between countries
Ⓒ Explanation Intra personal অর্থ যা একই ব্যক্তির মধ্যে দেখা যায়/সংঘটিত হয়।

**30. "I'll do better than that," I retorted. "I'll eat nothing for dinner tonight." These lines from Somerset Maugham's "The Luncheon" are spoken —.**
Ⓐ ironically Ⓑ humorously Ⓒ seriously Ⓓ sadly
Ⓑ Explanation 'The Luncheon' গল্পের ভদ্রমহিলাটি Humorously (হাস্যকরভাবে) লেখককে উদ্দেশ্য করে উক্তিটি করেছিলেন।

**31. What emotion do the following lines express? "How can the bird that is born for joy / Sit in a cage and sing?"**
Ⓐ Joy Ⓑ Contentment Ⓒ Terror Ⓓ Grief
Ⓓ Explanation মুক্তভাবে জন্মগ্রহণ করেও পাখিদের খাঁচায় বন্দি থেকে গান গায়তে হয়, এটা দুঃখজনক।

**32. The person who has the right to vote in an election is —.**
Ⓐ an observer Ⓑ a voter Ⓒ a candidate Ⓓ an agent
Ⓑ Explanation ভোটাধিকার প্রাপ্ত একজন ব্যক্তিকে সাধারণত 'ভোটার' বলা হয়। পক্ষান্তরে, যিনি মানুষের ভোট প্রত্যাশী তাকে candidate (প্রার্থী) বলা হয়।

**33. What is the antonym for "timid"?**
Ⓐ Weak Ⓑ Shy Ⓒ Doubtful Ⓓ Bold
Ⓓ Explanation Timid অর্থ ভীতু, shy – লাজুক, bold – সাহসী।

**34. What is the synonym for "resentment"?**
Ⓐ Anger Ⓑ Fear Ⓒ Indignation Ⓓ Panic
Ⓒ Explanation Resentment অর্থ ক্রোধ, ক্ষোভ। Indignation - রোষ, ক্রোধ, ক্ষোভ।

**35. "One hardly knows what to do." Here the word "one" is an example of —.**
Ⓐ distributive pronoun Ⓑ an indefinite pronoun
Ⓒ a demonstrative pronoun Ⓓ a relative pronoun
Ⓑ Explanation যে সকল pronoun অনির্দিষ্ট কোনো ব্যক্তি/বস্তুকে নির্দেশ করে তাকে Indefinite pronoun বলে। যেমন- One, some, any, all, many etc.

## বাংলা

**36. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম আত্মাকে চিনতে বলেছেন কোন প্রয়োজনে?**
Ⓐ ভণ্ডামি দূর করতে Ⓑ স্বাধীন হওয়ার জন্য
Ⓒ মিথ্যাকে পরিহার করতে Ⓓ দেশের উন্নতির লক্ষ্যে
Ⓐ Solve কাজী নজরুল ইসলাম 'আমার পথ' প্রবন্ধে মনুষ্যত্ববোধ ও ব্যক্তিসত্তার জাগরণের উপর জোর দিয়েছেন। তাই তিনি বলেছেন- আত্মকে চেনা নিজের সত্যকে বড় মনে করার দম্ভ– আর যাই হোক ভণ্ডামি নয়।

**37. জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ভাঙালেন কে?**
Ⓐ একজন কর্মচারী Ⓑ রাজনৈতিক সহকর্মী Ⓒ সিভিল সার্জন Ⓓ ডেপুটি জেলার
Ⓑ Solve পাকিস্তানি শাসকগোষ্ঠীর অপশাসন ও বিনা বিচারে বছরের পর বছর রাজবন্দিদের কারাগারে আটকে রাখার প্রতিবাদে ১৯৫২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনশন শুরু করেছিলেন। রেডিওগ্রাম এবং জেলা ম্যাজিস্ট্রেট সাহেবের অফিস থেকে তাঁর মুক্তির অর্ডার এলে রাজনৈতিক সহকর্মী মহিউদ্দিন দুই চামচ ডাবের পানি দিয়ে বঙ্গবন্ধুর অনশন ভাঙিয়েছিলেন।



CS CamScanner

38. [illegible] তুলে ধরেছেন?

Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]

Ⓓ Solve [illegible]

39. 'টুকরা' শব্দের সমার্থক শব্দজোড় কোনটি?

Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ কণা, কুচি Ⓓ [illegible]

Ⓒ Solve 'টুকরা'-এর কতিপয় সমার্থক শব্দ : কণা, [illegible], ফালি, খণ্ড, ভাগ, [illegible], অংশ, [illegible], [illegible], [illegible], [illegible], [illegible]।

40. '[illegible] সুন্দর মাটি, কিন্তু শস্যহীন।' এখানে 'কিন্তু' যে অর্থের অব্যয়-

Ⓐ সংকোচক Ⓑ পদান্বয়ী Ⓒ বিয়োজক Ⓓ সংযোজক

Ⓐ Solve সংকোচক অব্যয় সমুচ্চয়ী অব্যয়ের একটি শ্রেণি। এ অব্যয়ের দ্বারা সংকোচন দুটি বাক্যকে যোগ করে। এ অব্যয় যুক্ত বাক্য দুটি বিপরীত ভাব প্রকাশ করে। যেমন : [illegible] তবু সেই ঠকল। [illegible] কিন্তু [illegible]।

41. 'ঐকতান' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর পৃথিবীকে কী বলে অভিহিত করেছেন?

Ⓐ সুন্দর Ⓑ বিপুলা Ⓒ মধুময় Ⓓ ঐশ্বর্যময়

Ⓑ Solve 'বিপুলা' শব্দের অর্থ : বিশাল বা প্রশস্ত। এখানে নারীবাচক শব্দ হিসেবে বিপুলা বলে পৃথিবীকে বোঝানো হয়েছে।

42. 'আমরা' শব্দের ঠিক ব্যাখ্যা কোনটি?

Ⓐ তুমি, আমি ও সে Ⓑ আমি, তুমি ও সে

Ⓒ সে, আমি ও তুমি Ⓓ সে, তুমি ও আমি

Ⓓ Solve যে দ্বন্দ্ব সমাসে প্রধান পদটি অবশিষ্ট থেকে অন্য পদগুলো লোপ পায় এবং লোপ পদ অনুসারে পদ নির্ধারিত হয়, তাকে একশেষ দ্বন্দ্ব বলে। যেমন : সে, তুমি ও আমি = আমরা, সে ও আপনি = আপনারা, সে ও তুমি = তোমরা।

43. 'গ্রীনকার্ড' গল্পে গ্রীনকার্ড কীসের প্রতীক?

Ⓐ [illegible] Ⓑ স্বর্গ ও অন্ন Ⓒ সাহস ও দেশপ্রেম Ⓓ মৃত্যু

Ⓒ Solve 'গ্রীনকার্ড' গল্পে গ্রীনকার্ডটির প্রতীকী [illegible]। [illegible] গ্রীনকার্ড [illegible] সাহস ও দেশপ্রেম- [illegible]।

44. কোন শব্দটি দ্বারা মেঘনাদকে বোঝানো হয়েছে?

Ⓐ সৌমিত্রি Ⓑ রাবণানুজ Ⓒ [illegible] Ⓓ অরিন্দম

Ⓓ Solve 'অরিন্দম' অর্থ : অরি বা শত্রুকে দমন করে যে। মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় অরিন্দম বলতে মেঘনাদকে বোঝানো হয়েছে।

45. আঠারো বছর বয়স বেঁচে থাকে কীসে?

Ⓐ বেদনায় Ⓑ দুর্যোগে আর ঝড়ে Ⓒ অসহ্য যন্ত্রণায় Ⓓ আঘাতে

Ⓑ Solve সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। মাত্রাবৃত্ত ছন্দে রচিত এ কবিতায় কবির ভাষায়, এ বয়সের তরুণেরা নানা দুর্যোগ, ঝড় আর নানা প্রতিকূলতার মধ্যে বেঁচে থাকে। বিপদের মুখে এরা অগ্রণী বা প্রধান ভূমিকা পালন করে।

46. 'ক্ষুদ্র' অর্থে উপসর্গ ব্যবহৃত হয়েছে কোন শব্দে?

Ⓐ উপকণ্ঠ Ⓑ উপনদী Ⓒ উপকূল Ⓓ উপশহর

Ⓑ Solve 'উপ' উপসর্গযোগে গঠিত কতিপয় শব্দ :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| উপ | সামীপ্য অর্থে | উপকূল, উপকণ্ঠ। |
| | সদৃশ অর্থে | উপদ্বীপ, উপবন। |
| | ক্ষুদ্র অর্থে | উপনদী, উপগ্রহ, উপনেতা। |
| | বিশেষ অর্থে | উপভোগ, উপযোগ। |

47. 'হররা' শব্দটির উৎস ভাষা-

Ⓐ ইংরেজি Ⓑ ফারসি Ⓒ চীনা Ⓓ পর্তুগিজ

Ⓐ Solve কতিপয় বিদেশি শব্দ :

| | |
|---|---|
| ইংরেজি | টিকিট, কোর্ট, [illegible], অফিস, টিন। |
| ফারসি | দোকান, [illegible], [illegible], বাগান, রেকাবি। |
| চীনা | চা, চিনি, সাম্পান। |

48. 'জঙ্গম' শব্দটি দিয়ে বোঝায়-

Ⓐ বৃক্ষ Ⓑ স্থির Ⓒ গতিশীল Ⓓ পর্বত

Ⓒ Solve গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | | |
|---|---|---|
| কিরাত- ব্যাধবিশেষ। | কালকূট- তীব্র বিষ। | কুহক- মায়া। |
| প্রাকৃত-নির্বোধ। | কিণাঙ্ক- কড়া। | নিতি- রোজ। |

49. একটি বাক্যে 'যোগ্যতা' বলতে বোঝায়-

Ⓐ বাক্যের অন্তর্গত পদসমূহের অর্থগত ও ভাবগত সংগতি

Ⓑ বাক্যের পদসমূহের সুশৃঙ্খল বিন্যাস

Ⓒ বাক্যে এক শব্দের পর অন্য শব্দ শোনার ইচ্ছা

Ⓓ বাক্যে কর্তা ও ক্রিয়াপদের অবস্থান

Ⓐ Solve বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মেলবন্ধনের নাম যোগ্যতা। যেমন : 'বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।' এটি একটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। কিন্তু 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।' বললে বাক্যটি ভাবপ্রকাশের যোগ্যতা হারাবে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

50. 'Hand out' এর বাংলা পরিভাষা হচ্ছে-

Ⓐ হস্তপত্র Ⓑ জ্ঞাপনপত্র Ⓒ তথ্যপত্র Ⓓ প্রচারপত্র

Ⓑ Solve গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Handbill | প্রচারপত্র | Handloom | তাঁত |
| Harbour | পোতাশ্রয় | Hearing | শ্রবণশক্তি |

51. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ-

Ⓐ সূর্য Ⓑ পেন্নাম Ⓒ হাত Ⓓ ভিডি

Ⓒ Solve তদ্ভব একটি পারিভাষিক শব্দ। কয়েকটি তদ্ভব শব্দ নিম্নরূপ :

| তৎসম শব্দ | প্রাকৃত শব্দ | তদ্ভব শব্দ |
|---|---|---|
| অদ্য > | অজ্জ> | আজ |
| চন্দ্র > | চন্দ > | চাঁদ |
| হস্ত > | হত্থ> | হাত |

52. 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি?

Ⓐ শৈল Ⓑ অদ্রি Ⓒ মেদিনী Ⓓ অচল

Ⓒ Solve গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ :

| | |
|---|---|
| পৃথিবী | অখিল, মেদিনী, মহী, ক্ষিতি, পৃথ্বী, উর্বী, বসুন্ধরা, অবনি। |
| পর্বত | পাহাড়, অদ্রি, ভূধর, মহীধর, নগ, অচল, মেদিনীধর, শৈল। |



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**53. কোন শব্দটি শুদ্ধ?**
Ⓐ বৈশিষ্ট্যতা Ⓑ প্রবাহমান Ⓒ প্রজ্বলিত Ⓓ ইতিমধ্যে

**Ⓒ Solve** প্রদত্ত অশুদ্ধ শব্দগুলোর শুদ্ধ রূপ।

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| বৈশিষ্ট্যতা | বৈশিষ্ট্য | ইতিমধ্যে | ইতোমধ্যে |
| প্রবাহমান | প্রবহমান | অধীনস্থ | অধীন |

**54. 'নষ্ট হওয়া স্বভাব যার' এক কথায় কী হবে?**
Ⓐ নষ্টস্বভাব Ⓑ বিনষ্ট Ⓒ নশ্বর Ⓓ অবিনশ্বর

**Ⓒ Solve** কতিপয় এক কথায় প্রকাশ : নিন্দার যোগ্য নয় যা- অনিন্দ্য, নিবারণ করা যায় না যা- অনিবার্য, নিন্দার যোগ্য- নিন্দ্য/নিন্দার্হ, নিন্দা করা হয়েছে এমন- নিন্দিত, নিঃশেষে পান করা হয়েছে এমন- নিপীত।

**55. 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।' উক্তিটি কে করেছিলেন?**
Ⓐ শম্ভুনাথ Ⓑ হরিশ Ⓒ মামা Ⓓ অনুপম

**Ⓐ Solve** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' গল্পে আলোচ্য উক্তির মাধ্যমে শম্ভুনাথবাবু বরপক্ষের সংকীর্ণ মানসিকতার প্রতি তীব্র কটাক্ষ করেছেন। আর বরপক্ষের আচরণে অসন্তুষ্ট শম্ভুনাথ বাবুর যুক্তিসঙ্গত প্রতিক্রিয়ায় অনুপমের মামা হতভম্ব হয়ে যায়। এছাড়া বিয়ের কার্য শেষ না করে বরপক্ষকে বিদায় দেওয়ার মুহূর্তটি যেন নিরন্তর বয়ে চলা যৌতুকপ্রথার বিরুদ্ধে কুঠারাঘাত।

**56. 'বিড়াল' কোন ধরনের রচনা?**
Ⓐ যুক্তিনিষ্ঠ ও সাবলীল Ⓑ রসাত্মক ও ব্যঙ্গধর্মী
Ⓒ সাম্যবাদী Ⓓ কাল্পনিক ও উদ্ভট

**Ⓑ Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধগ্রন্থ থেকে 'বিড়াল' রচনা সংগৃহীত হয়েছে। এর প্রথমাংশ নিখাদ হাস্যরসাত্মক ও পরের অংশ গূঢ়ার্থে সন্নিহিত।

**57. জটিল বা মিশ্র বাক্যের উদাহরণ—**
Ⓐ যে ভিক্ষা চায়, তাকে দান কর। Ⓑ ভিক্ষুক এসেছে ভিক্ষা দাও।
Ⓒ ভিক্ষুককে দান কর। Ⓓ দান ভিক্ষুকের জন্য।

**Ⓐ Solve** একাধিক বাক্য কিংবা খণ্ডবাক্য নিয়ে কোনো বাক্য তৈরি হলে, এবং খণ্ডবাক্যগুলোর মধ্যে পরস্পরনির্ভরতা থাকলে জটিল বাক্য হয়। যেমন : যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে।

**58. 'এ ছেলে বংশের মুখ রক্ষা করবে' এর ঠিক অর্থ হলো—**
Ⓐ বংশবৃদ্ধি করবে Ⓑ সম্মান বাঁচানো
Ⓒ অনুগ্রহ করা Ⓓ বংশের অসম্মান করা

**Ⓑ Solve** 'মুখ' শব্দের রীতিসিদ্ধ কয়েকটি প্রয়োগ :

| শব্দ | ব্যবহৃত অর্থ | উদাহরণ |
|---|---|---|
| মুখ রাখা | মান রাখা | ছেলেটা তার বাবার মুখ রেখেছে। |
| মুখ চাওয়া | নির্ভর করা | আমি তার মুখ চেয়ে বসে আছি। |
| মুখ তোলা | প্রসন্ন হওয়া | খোদা লোকটির দিকে মুখ তুলে চেয়েছেন। |

**59. পূরণবাচক শব্দ—**
Ⓐ ১ Ⓑ এক Ⓒ পহেলা Ⓓ প্রথম

**Ⓓ Solve** একই সারি, দল বা শ্রেণিতে অবস্থিত কোনো ব্যক্তি বা বস্তুর সংখ্যার ক্রম বা পর্যায় বোঝাতে ক্রম বা পূরণবাচক সংখ্যা ব্যবহৃত হয়। যেমন : **দ্বিতীয়** লোকটিকে ডাক। এখানে দ্বিতীয় বলতে এক জনের পরের লোকটিকে বোঝানো হয়েছে। **দ্বিতীয়** লোকটির আগের লোকটিকে বলা হয় **'প্রথম'** এবং প্রথম একটির পরের লোকটিকে বলা হয় দ্বিতীয়।

**60. কৃৎপ্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি?**
Ⓐ নাচক Ⓑ কেষ্টা Ⓒ স্থান Ⓓ শুনানি

**Ⓑ Solve** অবজ্ঞা, নিন্দা (বৈশিষ্ট্য), আদর বা তুচ্ছার্থে বিশেষণ শব্দ গঠনে 'আ' প্রত্যয় ব্যবহার করা হয়। যেমন : চোর + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা, পাগল + আ = পাগলা, বামন + আ = বামনা, জন + আ = জনা, রাম + আ = রামা, কাল + আ = কালা, ছাগল + আ = ছাগলা।

**61. 'মিউজিওলজি' শব্দ দ্বারা বোঝায়—**
Ⓐ জাদুঘরতত্ত্ব Ⓑ ভূতত্ত্ব Ⓒ প্রত্নতত্ত্ব Ⓓ ফসিলবিদ্যা

**Ⓐ Solve** 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কয়েকটি শব্দ ও ব্যাখ্যা :

| | |
|---|---|
| মিউজিয়াম স্টাডিজ | জাদুঘর বা প্রদর্শনশালা সংক্রান্ত বিদ্যা। Museology। |
| প্রত্নতত্ত্ব | এই বিদ্যায় প্রাচীন মুদ্রা, পুরাকীর্তি ইত্যাদি নিয়ে গবেষণা করে প্রাচীন ইতিহাস আবিষ্কার করা হয়। পুরাতত্ত্ব। archaeology। |
| নৃতত্ত্ব | মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত বিজ্ঞান। নৃবিদ্যা। anthropology। |
| মৎস্যাধার | মাছ পালনের কাচের আধার। মাছের চৌবাচ্চা। জলজ প্রাণী বা উদ্ভিদ সংরক্ষণের কৃত্রিম জলাধার। aquarium। |

**62. কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?**
Ⓐ কৃতদার Ⓑ শ্রমিক Ⓒ নর Ⓓ সভাপতি

**Ⓐ Solve** নিত্য পুরুষবাচক শব্দ : রাষ্ট্রপতি, যোদ্ধা, ঢাকি, কাপুরুষ, অকৃতদার, কবিরাজ, কৃতদার ইত্যাদি।

**63. কোন দুটি অর্ধ-সংবৃত স্বরধ্বনি?**
Ⓐ অ্যা, আ Ⓑ অ, উ Ⓒ ই, উ Ⓓ এ, ও

**Ⓓ Solve** অর্ধ-সংবৃত স্বরধ্বনির উচ্চারণে ঠোঁট দুটি সংবৃত স্বরধ্বনির তুলনায় বেশি খোলা থাকে কিন্তু অর্ধবিবৃত স্বরধ্বনির তুলনায় কম খোলা থাকে। বাংলা অর্ধ-সংবৃত স্বরধ্বনি দুটি। যথা : এ /e/ এবং ও /o/।

**64. নিত্য অতীতকালের উদাহরণ—**
Ⓐ তারা একসঙ্গে ঘুরে বেড়াতো Ⓑ সেদিনও দাদি আমাদের গল্প বলছিলেন
Ⓒ সূর্য উঠল Ⓓ স্কুল শেষে শিক্ষার্থীরা বাড়ি গেল

**Ⓐ Solve** অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয় তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন : আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম।

**65. 'ষ্ণ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত—**
Ⓐ ণ + ষ Ⓑ ষ্ + ঞ Ⓒ ষ্ + ন Ⓓ ষ্ + ণ

**Ⓓ Solve** গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ ও গঠিত শব্দ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্ষ | ক্ + ষ | ভিক্ষুক, রক্ষা | ম্ম | ম্ + ম | সম্মতি, সম্মান |
| জ্ঞ | জ্ + ঞ | জ্ঞান, বিজ্ঞান | হ্ম | হ্ + ম | ব্রাহ্মণ |
| ঞ্জ | ঞ + জ | অঞ্জন, গঞ্জনা | ক্ষ্ম | ক্ + ষ + ম | সূক্ষ্ম |

**66. কোনটি মিশ্র ক্রিয়ার উদাহরণ?**
Ⓐ নাচ করা Ⓑ এসে বসা Ⓒ খেয়ে যাওয়া Ⓓ দৌড়াতে থাকা

**Ⓐ Solve** বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়্, ধর্, মার্ প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন :

| | |
|---|---|
| বিশেষ্যের উত্তর (পরে) | আমরা তাজমহল দর্শন করলাম। |
| বিশেষণের উত্তর (পরে) | তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম। |
| ধ্বন্যাত্মক অব্যয়ের উত্তর (পরে) | মাথা ঝিম্ ঝিম্ করছে। |

**67. সিরাজউদ্দৌলা নাটকে কে নবাব হলে সকলের উদ্দেশ্যই হাসিল হবে?**
Ⓐ মীরজাফর Ⓑ মানিকচাঁদ Ⓒ ঘসেটি বেগম Ⓓ শওকতজঙ্গ

**Ⓓ Solve** উক্তিটি করেন সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের অন্যতম চরিত্র ওয়াট্স [প্রথম অঙ্ক; দ্বিতীয় দৃশ্য]। শওকতজঙ্গ ছিল নেশাখোর ও ব্যক্তিত্বহীন। মিরজাফর, জগৎশেঠ, উমিচাঁদ, রায়দুর্লভরা তাকে সামান্য ভয়ও পায় না। উল্টো তাকে ব্যবহার করে সব ধরনের অপকর্ম করতে সচেষ্ট থাকবে। এজন্যই সে নবাব হলে সবার স্বার্থ রক্ষা পাবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

68. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।' কার ধরা পড়ার কথা বলা হয়েছে?

Ⓐ রহিমা Ⓑ জমিলা Ⓒ হাসুনির মা Ⓓ আমেনা বিবি

Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মজিদ তার দ্বিতীয় স্ত্রী জমিলার আচরণে রীতিমত ক্ষিপ্ত। তাই সে জমিলাকে সামলাতে নানা কথাবার্তা বলতে থাকে। এসব কথা জমিলার কাছে বেখাপ্পা মনে হয় এবং বোঝে- 'কাঁচা গোস্তে মুখ দিতে গিয়ে খট্‌ করে একটা আওয়াজ শুনে ইঁদুর যা বোঝে, হয়ত তেমনি কিছু একটা বোঝে সে।'

69. নীরব ভাষায় বৃক্ষ আমাদের কী গান শোনায়?

Ⓐ বেদনার Ⓑ ব্যর্থতার Ⓒ সার্থকতার Ⓓ আনন্দের

Ⓒ Solve মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে বৃক্ষের অবদান সম্পর্কিত মন্তব্য হচ্ছে- "নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই।"

70. 'পালক' শব্দের বিপরীত শব্দ-

Ⓐ নিপীড়ক Ⓑ ধ্বংসকারী Ⓒ ঘাতক Ⓓ শোষক

Ⓒ Solve কতিপয় বিপরীত শব্দ :

| শব্দ | বিপরীত শব্দ | শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| ঘুমন্ত | জাগ্রত | ঘৃণিত | সমাদৃত |
| ঘাট | অঘাট | ঘৃণা | শ্রদ্ধা/প্রীতি |
| ঘোলা | পরিষ্কার, স্বচ্ছ | ঘোষ | অঘোষ |

71. 'সিক্ত নীলাম্বরী' 'নীলাম্বরী' কোন পদ?

Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ সর্বনাম Ⓓ ক্রিয়া বিশেষণ

Ⓐ Solve 'নীলাম্বরী' শব্দের অর্থ : নীল রঙের শাড়ি।

72. কোনটি ভাববাচ্যের উদাহরণ?

Ⓐ বসন্তে কোকিল ডাকে Ⓑ এখন যাওয়া যায়
Ⓒ বইটি পড়া হয়েছে Ⓓ আমি অপেক্ষা করব

Ⓑ Solve যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। যেমন : আমাকে (কর্তায় দ্বিতীয়া) এখন যেতে হবে (নাম পুরুষের ক্রিয়া)। তোমার কোথায় থাকা হয়? এবার তবে খাওয়া যাক।

73. শব্দের শেষে 'অ' উচ্চারণ লোপ পায় না-

Ⓐ বৃহত্তর Ⓑ ফল Ⓒ অবশেষ Ⓓ দর্শন

Ⓐ Solve 'তর' ও 'তম' প্রত্যয় যুক্ত বিশেষণবাচক পদে বহু স্থলে অ-এর উচ্চারণ লুপ্ত হয় না। এবং 'অ' প্রায়ই ও-কারান্ত উচ্চারিত হয়। যেমন : উচ্চতর (উচ্‌চোতরো), বৃহত্তর (বৃহত্‌তরো), নিম্নতম (নিম্‌নোতমো) ইত্যাদি।

74. 'একগুঁয়ে' অর্থটি বোঝাতে কোন বাগ্‌ধারাটি প্রযোজ্য?

Ⓐ ধোপদুরস্ত Ⓑ পাথরে পাঁচ কিল Ⓒ নেই আঁকড়া Ⓓ দুমুখো সাপ

Ⓒ Solve গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : এলাহি কাণ্ড (বিরাট ব্যাপার), একাই একশো (অত্যন্ত ক্ষমতাশালী), একাদশে বৃহস্পতি (মহা সৌভাগ্য), এগুলে রাম পেছুলে রাবণ (উভয় সংকট), এলেবেলে (নিকৃষ্ট), এসপার-ওসপার (মীমাংসা), এঁড়ে তর্ক (যুক্তিহীন তর্ক)।

75. 'রশ্মি' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?

Ⓐ রোশ্‌শি Ⓑ রশ্‌শি Ⓒ রোশ্‌মি Ⓓ রোশ্‌নি

Ⓐ Solve পদের মধ্যে বা অন্তে 'ম' ফলা সংযুক্ত বর্ণের সাধারণত দ্বিত্ব উচ্চারণ হয়। এই 'ম' যেহেতু অনুনাসিক ধ্বনি সেজন্য দ্বিত্ব উচ্চারিত শেষ ধ্বনিটি সাধারণত সামান্য নাসিক্য প্রভাবিত হয়। যেমন : ছদ্ম (ছদ্‌দোঁ), পদ্ম (পদ্‌দোঁ), রশ্মি (রোশ্‌শিঁ), ভস্ম (ভশ্‌শোঁ), মহাত্মা (মহাত্‌তাঁ) ইত্যাদি।

## আইসিটি

76. প্রোগ্রাম তৈরিতে ডিজাইন ধাপের পরবর্তী ধাপ কোনটি?

Ⓐ সমস্যা বিশ্লেষণ Ⓑ প্রোগ্রাম কোডিং
Ⓒ প্রোগ্রাম চালানো Ⓓ প্রোগ্রাম রক্ষণাবেক্ষণ

Ⓑ Solve প্রোগ্রাম তৈরির ধাপসমূহ-

i. Problem identification
ii. Problem analysis
iii. Program design
iv. Program development or Coding
v. Program implementation
vi. Program documentation
vii. Program maintenance

77. 173 সংখ্যাটি কোন সংখ্যা পদ্ধতির উদাহরণ?

Ⓐ অক্টাল Ⓑ ডেসিমেল Ⓒ হেক্সাডেসিমেল Ⓓ সবগুলো

Ⓓ Solve ১. অক্টাল : ০ থেকে ৭ পর্যন্ত অঙ্ক নিয়ে গঠিত সংখ্যাসমূহ
২. ডেসিমেল : ০ থেকে ৯ পর্যন্ত অঙ্ক নিয়ে গঠিত সংখ্যাসমূহ
৩. হেক্সাডেসিমেল : ০ থেকে ৯ অঙ্ক এবং A থেকে F বর্ণ নিয়ে গঠিত সংখ্যাসমূহ
৪. বাইনারি : ০, ১ এই দুইটি নিয়ে গঠিত সংখ্যা।

78. C ভাষায় 'B' কোন ডেটা টাইপের উদাহরণ?

Ⓐ integer Ⓑ float Ⓒ character Ⓓ কোনোটিই নয়

Ⓒ Solve সি ভাষার প্রোগ্রামে প্রোগ্রাম উপাদানগুলো যেমন : শব্দ, সংখ্যা ধ্রুবক, চলক, অপারেটর, এক্সপ্রেশন ইত্যাদি মৌলিক উপাদানসমূহ লিখতে যে বর্ণ বা বর্ণসমূহ ব্যবহৃত হয় তাই সি প্রোগ্রামের ক্যারেক্টার সেট।

79. Boolean Algebra-এর ক্ষেত্রে কোনটি ঠিক?

Ⓐ $A + A = 1$ Ⓑ $A + A = 0$ Ⓒ $A + 1 = 0$ Ⓓ $A + 0 = A$

Ⓓ Solve বুলিয়ান অ্যালজেবরার মৌলিক উপপাদ্যসমূহ :

1. a. $A + 0 = A$ b. $A.0 = 0$
2. a. $A + 1 = 1$ b. $A.1 = A$
3. a. $A + A = A$ b. $A.A = A$
4. a. $A + \bar{A} = 1$ b. $A.\bar{A} = 0$

80. হটস্পট কী?

Ⓐ নিরাপত্তা ব্যবস্থা Ⓑ এক ধরনের সফটওয়্যার
Ⓒ তারবিহীন নেটওয়ার্ক Ⓓ কোনোটিই নয়

Ⓒ Solve হটস্পট হচ্ছে একটি নির্দিষ্ট ওয়্যারলেস কভারেজ এরিয়া। অর্থাৎ যদি কোনো নির্দিষ্ট এলাকা বা জায়গাকে ওয়্যারলেস কমিউনিকেশনের জন্য প্রস্তুত করা হয় তবে তাকে হটস্পট বলা হয়।

81. কোনটি নেটওয়ার্ক ডিভাইস নয়?

Ⓐ Hub Ⓑ Switch Ⓒ Router Ⓓ TCP

Ⓓ Solve Hub, Swith এবং Router প্রত্যেকটিই একটি Network ডিভাইস। অপরদিকে TCP একটি ডেটা ট্রান্সমিশন প্রোটোকল।

82. ইউনিকোড ব্যবহার করে কতগুলো অক্ষর লেখা সম্ভব?

Ⓐ $2^8$ Ⓑ $2^{16}$ Ⓒ $2^{15}$ Ⓓ $2^{16}$

Ⓓ Solve ইউনিকোড বা ইউনিভারসাল কোড একটি 16 বিটের আলফানিউমেরিক কোড। কাজেই এটি ব্যবহার করে $2^{16}$ টি অক্ষর লিখা সম্ভব।

83. C ভাষায় || কে কোন ধরনের অপারেটর বলা হয়?

Ⓐ Arithmetic Ⓑ Relational Ⓒ Logical Ⓓ Assignment

Ⓒ Solve লজিক্যাল অ্যান্ড → &&
লজিক্যাল অর → ||
লজিক্যাল নট → !



CamScanner

**84. রবিনের বর্তমান বয়স $(19)_{10}$ । কতো বছর পর তার বয়স $(100110)_2$ হবে?**

Ⓐ $(10010)_2$ Ⓑ $(10011)_2$ Ⓒ $(100110)_2$ Ⓓ $(100011)_2$

**B Solve** $(19)_{10} \rightarrow (010011)_2$

$\therefore (100110)_2 - (010011)_2 = (010011)_2$

সুতরাং $(010011)_2$ বছর পর বয়স $(100110)_2$ হবে।

**85. C প্রোগ্রামিংয়ে কোনটি ভুল ডেটা টাইপ?**

Ⓐ short int Ⓑ long double Ⓒ signed float Ⓓ signed char

**C Solve** সাধারণত char টাইপ ভেরিয়েবলের জন্য signed ও Unsigned মডিফায়ার, int টাইপ ভেরিয়েবলের জন্য signed unsigned, short ও long এবং double টাইপ ভেরিয়েবলের জন্য long মডিফায়ার ব্যবহৃত হয়।

**86. কোন ডিজিটাল সার্কিটের ইনপুট এবং আউটপুট সংখ্যা সমান?**

Ⓐ হাফ এডার Ⓑ ফুল এডার Ⓒ এনকোডার Ⓓ কাউন্টার

**A Solve**




**87. কোন পদ্ধতিটি ডেটাবেজ থেকে ডেটা খুঁজে বের করতে ব্যবহার করা হয়?**

Ⓐ সর্টিং Ⓑ সিলেক্টিং Ⓒ জয়েনিং Ⓓ ইনডেক্সিং

**B Solve** সর্টিং → ডেটাকে নিম্নক্রম বা উর্ধ্বক্রম অনুসারে সাজানো।
ইনডেক্সিং → ডেটার সূচি তৈরি।
সিলেক্টিং → ডেটা খুঁজে বের করা।

**88. কোনটি উপগ্রহে ডেটা প্রেরণের সাথে সম্পর্কিত?**

Ⓐ Downlink Ⓑ Modulate Ⓒ Demodulate Ⓓ Uplink

**D Solve** স্যাটেলাইট কমিউনিকেশনে মাইক্রোওয়েভ কম্পাংকের সিগনালের মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হয়। স্যাটেলাইট থেকে পৃথিবীতে তথ্য প্রেরনকে ডাউনলিংক ট্রান্সমিশন (Downlink Transmission) এবং পৃথিবী থেকে স্যাটেলাইটে তথ্য প্রেরনকে আপলিংক ট্রান্সমিশন (uplink Transmission) বলে।

**89. কোন পদ্ধতিতে আঙুলের ছাপ ব্যবহার করে অপরাধী নির্ণয় করা যায়?**

Ⓐ জেনেটিক ইঞ্জিনিয়ারিং Ⓑ বায়োমেট্রিক্স
Ⓒ ন্যানো টেকনোলজি Ⓓ আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স

**B Solve** কোন ব্যক্তির দেহের গঠন এবং আচারন গত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাকে অদ্বিতীয়ভাবে শনাক্তকরণকে বায়োমেট্রিক্স বলে। একে দুই ভাগে ভাগ করা হয়।

ক. দেহের গঠন ও শরীরবৃত্তীয় বৈশিষ্ট্যের বায়োমেট্রিক্স পদ্ধতি
১. ফিংগার প্রিন্ট ২. হ্যান্ড জিওমেট্রি ৩. ফেইস রিকগনিশন 8. DNA
খ. আচারনগত বৈশিষ্ট্যের বায়োমেট্রিক্স পদ্ধতি
১. সিগনেচার ভেরিফিকেশন ২. ভয়েস রিকগনিশেন ৩. টাইপিং কীস্ট্রোক

**90. কোন নেটওয়ার্ক টপোলজিতে সবচেয়ে বেশি ক্যাবল দরকার হয়?**

Ⓐ বাস টপোলজি Ⓑ রিং টপোলজি Ⓒ স্টার টপোলজি Ⓓ মেশ টপোলজি

**D Solve** মেশ টপোলজিতে যেকোনো কম্পিউটারকে নেটওয়ার্কে যুক্ত অন্য সকল কম্পিউটারের সাথে কানেক্টেড থাকতে হয়। ফলে সবচেয়ে বেশি ক্যাবলের দরকার হয়।

**91. https://-এর s কী নির্দেশ করে?**

Ⓐ server Ⓑ service Ⓒ security Ⓓ save

**C Solve** https হলো HTTP এর একটি এক্সটেনশন। এটি একটি কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে সুরক্ষিত যোগাযোগের জন্য ব্যবহৃত হয় এবং এটি ইন্টারনেটে বহুল ব্যবহৃত হয়।

**92. C ভাষায় লেখা প্রোগ্রাম কীসের সাহায্যে মেশিন কোডে রূপান্তরিত হয়?**

Ⓐ এডিটর Ⓑ কম্পাইলার Ⓒ ডাটাবেজ Ⓓ ডিকশনারি

**B Solve** কম্পাইলার হলো এমন একটি সফটওয়্যার যা কোনো হাইলেভেল ল্যাঙ্গুয়েজে লিখা প্রোগ্রামকে মেশিন ল্যাঙ্গুয়েজে কনভার্ট করে। C ভাষার কোনো প্রোগ্রামকে কনভার্ট করতে কম্পাইলার ব্যবহার করা হয়।

**93. একটি গবেষণাগারে সংযুক্ত কম্পিউটারগুলো কোন নেটওয়ার্কের অন্তর্ভুক্ত?**

Ⓐ LAN Ⓑ MAN Ⓒ WAN Ⓓ PAN

**A Solve** একাধিক ব্যক্তির কাজের সমন্বয় সাধন ও গতি বৃদ্ধির জন্য একই ভবনে, পাশাপাশি ভবনে কিংবা কলেজ/বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গবেষণাগারের কম্পিউটারগুলোর মধ্যে Local Area Network (LAN) সংযোগ স্থাপন করা হয়।

**94. gmail.com কী নির্দেশ করে?**

Ⓐ সার্চ ইঞ্জিন Ⓑ ই-মেইল এড্রেস Ⓒ মেইল সার্ভার Ⓓ প্রোটোকল

**C Solve** gmail.com হলো একটি মেইল সার্ভার যা ইমেইল আদান প্রদান করার সার্ভিসটি এর ব্যবহারকারীদের দিয়ে থাকে।

**95. কোনটি ক্লাউড স্টোরেজ নয়?**

Ⓐ ওয়ান ড্রাইভ Ⓑ গুগল ড্রাইভ Ⓒ হার্ড ড্রাইভ Ⓓ ড্রপবক্স

**C Solve** ক্লাউড স্টোরেজ হলো কোনো ফাইল বা ডেটা ডিভাইসে না রেখে অনলাইন স্টোরেজে সংরক্ষণ করার সিস্টেম। সেরা ক্লাউড স্টোরেজ সার্ভিস ১. Cloud ২. Mega ৩. One Drive ৪. Google Drive ৫. Drop Box ৬. Box

**96. কোন ডিভাইসটি 'ফুল ডুপ্লেক্স' মোডে কাজ করে?**

Ⓐ মোবাইল ফোন Ⓑ ওয়াকিটকি
Ⓒ রেডিও ব্রডকাস্টিং যন্ত্রাংশ Ⓓ সবগুলো

**A Solve** একই সময় উভয় দিক থেকে ডেটা আদান প্রদান করা যায় "ফুল ডুপ্লেক্স" মোডে। উদাহরণ : টেলিফোন, মোবাইল ফোন।

**97. $Y = (\bar{A} + B)(\bar{A} + \bar{B})$ এর সরলীকৃত মান কত?**

Ⓐ $(\bar{A}\bar{B} + B)$ Ⓑ $\bar{A}$ Ⓒ $\bar{B}$ Ⓓ A

**B Solve** $(\bar{A} + B)(\bar{A} + \bar{B}) = \bar{A}\,\bar{A} + \bar{A}\,\bar{B} + B\,\bar{A} + B\,\bar{B}$

$= \bar{A} + \bar{A}\,\bar{B} + B\,\bar{A} + 0 = \bar{A}(1 + \bar{B} + B) = \bar{A}\,.\,1 = \bar{A}$

**98. কোন কমান্ডটি একটি টেবিল থেকে সব ডেটা নেয়ার জন্য ব্যবহৃত হয়?**

Ⓐ SELECT ALL Ⓑ SELECT ALL *
Ⓒ SELECT * Ⓓ SELECT **

**C Solve** নির্দিষ্ট ডেটা শনাক্ত করার জন্য SELECT কমান্ড ব্যবহৃত হয়। একটি টেবিলের সকল ডেটা শনাক্ত করাতে SELECT* ব্যবহার হয়।

**99. ওয়েব এড্রেস-এ .ac ডোমেইন কোন ধরনের প্রতিষ্ঠানকে নির্দেশ করে?**

Ⓐ একাউন্টিং প্রতিষ্ঠান Ⓑ এয়ারক্র্যাফট প্রতিষ্ঠান
Ⓒ আর্মি কোর প্রতিষ্ঠান Ⓓ শিক্ষা প্রতিষ্ঠান

**D Solve** .edu, .ac ডোমেইন দুটি শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ করে।

**100. ভিডিও কনফারেন্সিং-এ ব্যবহৃত ডেটা ট্রান্সমিশন মোড হলো**

Ⓐ মাল্টিকাস্ট Ⓑ ব্রডকাস্ট Ⓒ সিমপ্লেক্স Ⓓ ইউনিকাস্ট

**A Solve** ভিডিও কনফারেন্সিং, গ্রুপ SMS, গ্রুপ MMS, ইমেইল, টেলিকনফারেন্সিং এরক্ষেত্রে যাদের অনুমতি থাকবে শুধুমাত্র তারাই অংশগ্রহন করতে পরবে। নেটওয়ার্কের একটি নোড থেকে ডেটা প্রেরণ করলে তা যে সকল নোডকে অনুমতি দেয় ডেটা ঐসকল নোডে পৌছানোর এ পদ্ধতি মাল্টিকাস্ট।



CamScanner

# ইসলামী বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৯-২০; ইউনিট : B; সেট : A (বেনী)

### বাংলা : ২৫

01. 'বাংলাদেশে ভাদ্র-আশ্বিন বসন্তকাল' বাক্যে কোন গুণের অভাব রয়েছে?
Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ আসত্তি Ⓒ যোগ্যতা Ⓓ সবগুলোই
Ⓒ Solve বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনকে যোগ্যতা বলে। প্রশ্নোক্ত বাক্যে বলা হয়েছে বাংলাদেশে ভাদ্র-আশ্বিন বসন্তকাল কিন্তু বসন্তকাল বলতে ফাল্গুন ও চৈত্রমাসকে বোঝায়। এ কারণে বাক্যটি যোগ্যতা গুণ হারিয়েছে।

02. 'মিশকালো' কোন প্রকার সমাস?
Ⓐ উপমান কর্মধারয় Ⓑ রূপক কর্মধারয় Ⓒ দ্বন্দ্ব Ⓓ উপমিত কর্মধারয়
Ⓐ Solve সাধারণ ধর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের যে সমাস হয় এবং যার সঙ্গে কোনো ব্যক্তি বা বস্তুর তুলনা করা হয় সে সমাসকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন : কাজলের ন্যায় কালো = কাজলকালো; মিশির (পোড়া তামাক) মতো কালো = মিশকালো; অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা।

03. কোনটি সংস্কৃত উপসর্গযোগে গঠিত শব্দ?
Ⓐ সংকলন Ⓑ কদাকার Ⓒ হাভাতে Ⓓ কুসঙ্গ
